ব্যক্তির বর্ণনাই বটে। কোথাও লেখক বললেন না যে এটি জাপানি সংস্কৃতির সাধারণ একটি বৈশিষ্ট্য। তখনও তো তিনি জাপানে পৌঁছোনই নি। অথচ প্রথম পংক্তিতেই অন্যান্য জাহাজের ক্যাপ্টেনদের প্রসঙ্গ টানায় তাদের সঙ্গে এই জাপানি ক্যাপ্টেনের চরিত্রের মূল পার্থক্যটি নিছক ব্যক্তিগত বৈশিষ্ট্য হয়ে এলো না পাঠকের কাছে, বরং মনে হলো যে বোধকরি জাপানিদের সাধারণ প্রবণতারই চিত্র হয়ে উঠেছে এটি। বস্তুত জাপানি সংস্কৃতি সম্পর্কে যাঁদের বিন্দুমাত্র অভিজ্ঞতা হয়েছে, তাঁরাই মৃদু হেসে বাধ্য হবেন একথা মেনে নিতে যে একজন ক্যাপ্টেনের মধ্য দিয়েই খুব সাবলীলভাবে জাপানি সংস্কৃতির প্রধানতম একটি দিককে ছুঁয়ে ফেলেছেন রবীন্দ্রনাথ। পরবর্তী অংশে, বিশেষ করে ৮নং পত্রে, ক্যাপ্টেন এবং জাপানি মাঝি-মাল্লার ব্যবহারের যে বিশ্লেষণ রবীন্দ্রনাথ করেছেন তাতে স্পষ্ট হয়ে উঠেছে এ কথাটি যে জাপানি চরিত্রের মূলগত একটি বৈশিষ্ট্যই ধরতে চাইছেন রবীন্দ্রনাথ এই প্রাথমিক অভিজ্ঞতার নির্ভরে। রবীন্দ্রনাথ লিখেছেন,

"এর আগে অনেকবার বিলিতি জাহাজে করে সমুদ্রযাত্রা করেছি, তার সঙ্গে এই জাহাজের বিস্তর তফাত। সে-সব জাহাজের কাপ্তেন ঘোরতর কাপ্তেন। যাত্রীদের সঙ্গে খাওয়াদাওয়া হাসিতামাশা যে তার বন্ধ তা নয়; কিন্তু কাপ্তেনিটা খুব টক্‌টকে রাঙা। এত জাহাজে আমি ঘুরেছি, তার মধ্যে কোন কাপ্তেনকেই আমার মনে পড়ে না। কেননা, তারা কেবলমাত্র জাহাজের অঙ্গ। জাহাজ-চালানোর মাঝখান দিয়ে তাদের সঙ্গে আমাদের সম্বন্ধ।

....

এ জাহাজে চড়ে অবধি দেখতে পাচ্ছি, আমাদের কাপ্তেনের কাপ্তেনিটা কিছুমাত্র লক্ষ্যগোচর নয়, একেবারেই সহজ মানুষ। যাঁরা তাঁর নিম্নতর কর্মচারী তাঁদের সঙ্গে তাঁর কর্মের সম্বন্ধ এবং দূরত্ব আছে, কিন্তু যাত্রীদের সঙ্গে কিছুমাত্র নেই। ঘোরতর ঝড়ঝাপটের মধ্যেও তাঁর ঘরে গেছি; দিব্যি সহজ ভাব। কথায় বার্তায় ব্যবহারে তাঁর সঙ্গে আমাদের যে জমে গিয়েছে, সে কাপ্তেন-হিসাবে নয়, মানুষ-হিসাবে। এ যাত্রা আমাদের শেষ হয়ে যাবে, তাঁর সঙ্গে জাহাজ-চলার সম্বন্ধ আমাদের ঘুচে যাবে, কিন্তু তাঁকে আমাদের মনে থাকবে।

আমাদের ক্যাবিনের যে স্টুয়ার্ড আছে সেও দেখি তার কাজকর্মের সীমাটুকুর মধ্যেই শক্ত হয়ে থাকে না। আমরা আপনাদের মধ্যে কথাবার্তা কচ্ছি তার মাঝখানে এসে সেও ভাঙা ইংরাজিতে যোগ দিতে বাধা বোধ করে না। মুকুল ছবি আঁকছে, সে এসে খাতা চেয়ে নিয়ে তার মধ্যে ছবি আঁকতে লেগে গেল।

আমাদের জাহাজের যিনি খাজাঞ্চি তিনি একদিন এসে আমাকে বললেন, "আমার মনে অনেক বিষয়ে প্রশ্ন আসে, তোমার সঙ্গে তার বিচার করতে ইচ্ছে করি; কিন্তু আমি ইংরাজি এত কম জানি যে, মুখে মুখে আলোচনা করা আমার পক্ষে সম্ভব নয়। তুমি যদি কিছু মনে না কর তবে আমি মাঝে মাঝে কাগজে আমার প্রশ্ন লিখে এনে দেব, তুমি অবসরমতো সংক্ষেপে দু-চার কথায় তার উত্তর লিখে দিয়ো।" তার পর থেকে রাষ্ট্রের সঙ্গে সমাজের সম্বন্ধ কী, এই নিয়ে তাঁর সঙ্গে আমার প্রশ্নোত্তর চলছে।

....

তা ছাড়া আর-একটা বিশেষত্ব এই যে, এক পক্ষে জাহাজের যাত্রী আর-এক পক্ষে জাহাজের কর্মচারী, এর মাঝখানকার গণ্ডিটা তেমন শক্ত নয়। আমি যে এই খাজাঞ্চির প্রশ্নের উত্তর লিখতে বসব, এ কথা মনে করতে তার কিছু বাধে নি--আমি দুটো কথা শুনতে চাই, তুমি দুটো কথা বলবে; এতে বিঘ্ন কী আছে। মানুষের উপর মানুষের যে একটি দাবি আছে সেই দাবিটা সরলভাবে উপস্থিত করলে মনের মধ্যে আপনি সাড়া দেয়, তাই আমি খুশি হয়ে আমার সাধ্যমতো এই আলোচনায় যোগ দিয়েছি।

আর-একটা জিনিস আমার বিশেষ করে চোখে লাগছে। মুকুল বালকমাত্র, সে ডেকের প্যাসেঞ্জার। কিন্তু, জাহাজের কর্মচারীরা তার সঙ্গে অবাধে বন্ধুত্ব করছে। কী করে জাহাজ চালায়, কী করে সমুদ্রে পথ নির্ণয় করে, কী করে গ্রহনক্ষত্র পর্যবেক্ষণ করতে হয়, কাজ করতে করতে তারা এই-সমস্ত তাকে বোঝায়। তা ছাড়া নিজেদের কাজকর্ম আশাভরসার কথাও ওর সঙ্গে হয়। মুকুলের শখ গেল, জাহাজের এঞ্জিনের ব্যাপার দেখবে। ওকে কাল রাত্রি এগারোটার সময় জাহাজের পাতালপুরীর মধ্যে নিয়ে গিয়ে এক ঘণ্টা ধরে সমস্ত দেখিয়ে আনলে।"

উদ্ধৃতি কিছুটা বিস্তৃত হল বটে, কিন্তু আশা করা যায় এর থেকেই রবীন্দ্রনাথের পর্যবেক্ষণের ধরনটা বোঝা যাবে। তবে এই অভিজ্ঞতায় শুধু জাপানিদের বৈশিষ্ট্যই লক্ষ্য করেননি রবীন্দ্রনাথ, একে যুক্ত করে নিয়েছেন এশীয় বৈশিষ্ট্য নিয়ে তাঁর তৎকালীন ভাবনার সঙ্গে। তাঁর ধারণা, 'কাজের সম্বন্ধ' আর 'মানুষের সম্বন্ধ'-এর সামঞ্জস্য পূর্বদেশের বৈশিষ্ট্য আর এদুয়ের বিচ্ছেদ পশ্চিমা সংস্কৃতির বৈশিষ্ট্য। তাঁর মনে হয়েছে যে জাপান পাশ্চাত্য থেকে আধুনিকতার দীক্ষা নিলেও পূর্বদেশের এই বৈশিষ্ট্যটি বজায় রাখতে সক্ষম হয়েছে। এর ভিত্তিতেই তাঁর আরও মনে হয়েছে যে কালক্রমে জাপান

পাশ্চাত্য কর্মরীতি আর প্রাচ্যভাবের সার্থক সামঞ্জস্যে পৌঁছোতে পারবে, কেননা – "জাপানে প্রাচ্যমন পাশ্চাত্যের কাছ থেকে কাজের শিক্ষালাভ করেছে, কিন্তু কাজের কর্তা তারা নিজেই।"

এমন চিত্র একাধিকবার এসেছে 'জাপান যাত্রী'তে, এবং প্রায় সময়ই রবীন্দ্রনাথের নিজস্ব ভাষ্য সহ; কখনও বা কোনো চিত্র নয়, শুধুই ভাষ্য। সেসব জায়গায় রবীন্দ্রনাথ পাঠকের বা ভবিষ্যতের কল্পনার হাতে ছেড়ে রাখেন নি কিছু, বরং জুড়ে দিয়েছেন নিজের অভিমত। একবার দেখে নেওয়া যাক এমনি কিছু চিত্র ও ভাষ্য।

পাশ্চাত্যের আধুনিকতাকে স্বীকার করে নিয়ে যে নতুন জাপান গড়ে উঠেছিল, তার বেশ কিছু বৈশিষ্ট্য চোখে পড়েছিল রবীন্দ্রনাথের। জাপান পৌঁছোনোর পরপরই তিনি লক্ষ্য করেছিলেন যে জাপানের শহর এবং পোষাক-আশাক তার নিজস্ব রূপ হারিয়ে পাশ্চাত্যের রীতি ধারণ করেছে- "জাপানে শহরের চেহারায় জাপানিত্ব বিশেষ নেই, মানুষের সাজসজ্জা থেকেও জাপান ক্রমশ বিদায় নিচ্ছে। অর্থাৎ, জাপান ঘরের পোশাক ছেড়ে আপিসের পোশাক ধরেছে।" এই 'আপিসের পোশাক'-এর বৈশিষ্ট্যই এই যে এটি ইউরোপের বাইরে বিশেষ কোনও দেশের নিজস্বতাকে সম্মান করে না- "আজকাল পৃথিবী জোড়া একটা আপিস-রাজ্য বিস্তীর্ণ হয়েছে, সেটা কোনো বিশেষ দেশ নয়। যেহেতু আপিসের সৃষ্টি আধুনিক য়ুরোপ থেকে, সেইজন্যে এর বেশ আধুনিক য়ুরোপের। কিন্তু, প্রকৃতপক্ষে এই বেশে মানুষের বা দেশের পরিচয় দেয় না, আপিস রাজ্যের পরিচয় দেয়।" নিজস্বতা খোয়ানোর এই প্রবণতার ব্যতিক্রম তিনি দেখেছিলেন জাপানি মেয়েদের পোশাকে, তাঁর মনে হয়েছিল- "এইজন্যে জাপানের শহরের রাস্তায় বেরলেই প্রধানভাবে চোখে পড়ে জাপানের মেয়েরা। তখন বুঝতে পারি, এরাই জাপানের ঘর, জাপানের দেশ। এরা আপিসের নয়।"

তাই বলে সামগ্রিকভাবে জাপানের নিজস্ব কিছু বৈশিষ্ট্যের উপস্থিতি চোখ এড়ায়নি তাঁর। বিশেষ ভাবে মুগ্ধ হয়েছিলেন তিনি জাপানি সংস্কৃতির শান্তিপ্রিয়তায়। তিনি লিখেছেন- "একটা জিনিস এখানে পথে ঘাটে চোখে পড়ে। রাস্তায় লোকের ভিড় আছে, কিন্তু গোলমাল একেবারে নেই। এরা যেন চেঁচাতে জানে না, লোকে বলে জাপানের ছেলেরা সুদ্ধ কাঁদে না। ... পথে মোটরে করে যাবার সময়ে মাঝে মাঝে যেখানে ঠেলাগাড়ি প্রভৃতি বাধা এসে পড়ে, সেখানে মোটরের চালক শান্তভাবে অপেক্ষা করে; গাল দেয় না, হাঁকাহাঁকি করে না। পথের মধ্যে হঠাৎ একটা বাইসিক্‌ল্ মোটরের উপরে এসে পড়বার উপক্রম করলে, আমাদের দেশের চালক এ অবস্থায় বাইসিক্‌ল্-আরোহীকে অনাবশ্যক গাল না দিয়ে থাকতে পারত না। এ লোকটা ভ্রূক্ষেপমাত্র করলে না।" এই বৈশিষ্ট্যের মধ্যে জাপানি জাতির এক বৃহত্তর শক্তি লক্ষ্য করেছিলেন রবীন্দ্রনাথ- "আমার কাছে মনে হয়, এইটেই জাপানের শক্তির মূল কারণ। জাপানি বাজে চেঁচামেচি ঝগড়াঝাঁটি করে নিজের বলক্ষয় করে না। প্রাণশক্তির বাজে খরচ নেই ব'লে প্রয়োজনের সময় টানাটানি পড়ে না। শরীর-মনের এই শান্তি ও সহিষ্ণুতা ওদের স্বজাতীয় সাধনার একটা অঙ্গ। শোকে দুঃখে আঘাতে উত্তেজনায়, ওরা নিজেকে সংযত করতে জানে।" এই সংযমের প্রকাশ তিনি জাপানি সংস্কৃতির নানা অভিব্যক্তিতে চিহ্নিত করেছিলেন। জাপানি হাইকু নিয়ে লিখতে গিয়ে তিনি বলেছেন- "এই যে নিজের প্রকাশকে অত্যন্ত সংক্ষিপ্ত করতে থাকা, এ ওদের কবিতাতেও দেখা যায়। তিন লাইনের কাব্য জগতের আর কোথাও নেই। এই তিন লাইনই ওদের কবি, পাঠক, উভয়ের পক্ষেই যথেষ্ট। সেইজন্যেই এখানে এসে অবধি, রাস্তায় কেউ গান গাচ্ছে, এ আমি শুনি নি। এদের হৃদয় ঝরনার জলের মতো শব্দ করে না, সরোবরের জলের মতো স্তব্ধ। এপর্যন্ত ওদের যত কবিতা শুনেছি সবগুলিই হচ্ছে ছবি দেখার কবিতা, গান গাওয়ার কবিতা নয়। হৃদয়ের দাহ এবং ক্ষোভ প্রাণকে খরচ করে, এদের সেই খরচ কম। এদের অন্তরের সমস্ত প্রকাশ সৌন্দর্যবোধে। সৌন্দর্যবোধ জিনিসটা স্বার্থনিরপেক্ষ। ফুল, পাখি, চাঁদ, এদের নিয়ে আমাদের কাঁদাকাটা নেই। এদের সঙ্গে আমাদের নিছক সৌন্দর্যভোগের সম্বন্ধ--এরা আমাদের কোথাও মারে না, কিছু কাড়ে না, এদের দ্বারা আমাদের জীবনে কোথাও ক্ষয় ঘটে না। সেইজন্যেই তিন লাইনেই এদের কুলোয়, এবং কল্পনাটাতেও এরা শান্তির ব্যাঘাত করে না।" জাপানি বাড়ি-ঘর, বাগান, নৃত্য- সর্বত্রই এই সংযম চোখে পড়েছিল তাঁর। জাপানি বাড়ি ও গৃহসজ্জা সম্পর্কে তিনি লিখেছেন- "আর-একটা ব্যাপার এই--এদের বাড়ি জিনিসটা অত্যন্ত অধিক নয়। দেয়াল, কড়ি, বরগা, জানলা, দরজা, যতদূর পরিমিত হতে পারে তাই। অর্থাৎ, বাড়িটা মানুষকে ছাড়িয়ে যায় নি, সম্পূর্ণ তার আয়ত্তের মধ্যে। ... তার পরে, ঘরে যেটুকু দরকার তা ছাড়া আর কিছু নেই। ঘরে দেয়াল-মেঝে সমস্ত যেমন পরিষ্কার তেমনি ঘরের ফাঁকটুকুও যেন তক্‌তক্ করছে; তার মধ্যে বাজে জিনিসের চিহ্নমাত্র পড়ে নি।" জাপানি নাচ দেখে এসে বলছেন- "মনে হল, এ যেন দেহভঙ্গির সংগীত। এই সংগীত আমাদের দেশের বীণার আলাপ। অর্থাৎ, পদে পদে মীড়। ভঙ্গিবৈচিত্র্যের পরস্পরের মাঝখানে কোনো ফাঁক নেই কিম্বা কোথাও জোড়ের চিহ্ন দেখা যায় না; সমস্ত দেহ পুষ্পিত লতার মতো একসঙ্গে দুলতে দুলতে সৌন্দর্যের পুষ্পবৃষ্টি করছে। খাঁটি য়ুরোপীয় নাচ অর্ধনারীশ্বরের মতো, আধখানা ব্যায়াম, আধখানা নাচ; তার মধ্যে লম্ফঝম্প, ঘুরপাক, আকাশকে লক্ষ্য করে লাথি-ছোঁড়াছুঁড়ি আছে। জাপানি নাচ একেবারে পরিপূর্ণ নাচ। তার সজ্জার মধ্যেও লেশমাত্র উলঙ্গতা নেই। অন্য দেশের নাচে দেহের সৌন্দর্যলীলার সঙ্গে দেহের লালসা মিশ্রিত। এখানে নাচের কোনো ভঙ্গির মধ্যে লালসার ইশারামাত্র দেখা গেল না। আমার কাছে তার প্রধান কারণ এই বোধ হয় যে, সৌন্দর্যপ্রিয়তা জাপানির মনে এমন সত্য যে তার মধ্যে কোনোরকমের মিশল তাদের দরকার হয় না এবং সহ্য হয় না।" জাপানি ছবি দেখে লিখেছেন- "হারার বাড়িতে টাইক্কানের ছবি যখন প্রথম দেখলুম, আশ্চর্য হয়ে গেলুম। তাতে না আছে বাহুল্য, না আছে শৌখিনতা। তাতে যেমন একটা জোর আছে তেমনি সংযম। বিষয়টা এই--চীনের একজন প্রাচীন কালের কবি ভাবে ভোর হয়ে চলেছে; তার পিছনে একজন বালক একটি বীণাযন্ত্র বহু যত্নে বহন করে নিয়ে যাচ্ছে, তাতে তার নেই; তার পিছনে একটি বাঁকা উইলো গাছ। জাপানে তিনভাগওয়ালা যে খাড়া পর্দার প্রচলন আছে সেই রেশমের পর্দার উপর আঁকা; মস্ত পর্দা এবং প্রকাণ্ড ছবি। প্রত্যেক রেখা প্রাণে ভরা। এর মধ্যে ছোটোখাটো কিম্বা জবড়জঙ্গ কিছুই নেই; যেমন উদার, তেমনি গভীর, তেমনি আয়াসহীন। নৈপুণ্যের কথা একেবারে মনেই হয় না; নানা রঙ নানা রেখার সমাবেশ নেই; দেখবামাত্র মনে হয় খুব বড়ো এবং খুব সত্য। তার পরে তাঁর ভূদৃশ্যচিত্র দেখলুম। একটি ছবি--পটের উচ্চপ্রান্তে একখানি পূর্ণ চাঁদ, মাঝখানে একটি নৌকা, নীচের প্রান্তে দুটো দেওদার গাছের ডাল দেখা যাচ্ছে; আর কিছু না, জলের কোনো রেখা পর্যন্ত নেই। জ্যোৎস্নার আলোয় স্থির জল কেবলমাত্র বিস্তীর্ণ শুভ্রতা--এটা যে জল সে কেবলমাত্র ওই নৌকা আছে বলেই বোঝা যাচ্ছে; আর, এই সর্বব্যাপী বিপুল জ্যোৎস্নাকে ফলিয়ে তোলবার জন্যে যত কিছু কালিমা সে কেবলই ওই দুটো পাইন গাছের ডালে।" প্রশংসার চোখে লক্ষ্য করেছেন যে নারী-পুরুষের সম্পর্কের ক্ষেত্রেও জাপানি সংস্কৃতি এমন সহজতাকেই রক্ষা করে- "এখানে মেয়ে-পুরুষের সামীপ্যের মধ্যে কোনো গ্লানি দেখতে পাই নে; অন্যত্র মেয়ে-পুরুষের মাঝখানে যে একটা লজ্জা-সংকোচের আবিলতা আছে, এখানে তা নেই। মনে হয়, এদের মধ্যে মোহের একটা আবরণ যেন কম। তার প্রধান কারণ, জাপানে স্ত্রী-পুরুষেরা একত্রে বিবস্ত্র হয়ে স্নান করার প্রথা আছে। এই প্রথার মধ্যে যে লেশমাত্র কলুষ নেই তার প্রমাণ এই--নিকটতম আত্মীয়েরাও এতে মনে কোনো বাধা অনুভব করে না। এমনি ক'রে এখানে স্ত্রী পুরুষের দেহ পরস্পরের দৃষ্টিতে কোনো মায়াকে পালন করে না। দেহ সম্বন্ধে উভয় পক্ষের মন খুব স্বাভাবিক। অন্য দেশের কলুষদৃষ্টি ও দুষ্টবুদ্ধির খাতিরে আজকাল শহরে এই নিয়ম উঠে যাচ্ছে। কিন্তু, পাড়াগাঁয়ে এখনো এই নিয়ম চলিত আছে। পৃথিবীতে যত সভ্য দেশ আছে তার মধ্যে কেবল জাপান মানুষের দেহ সম্বন্ধে যে মোহমুক্ত, এটা আমার কাছে খুব একটা বড়ো জিনিস বলে মনে হয়।"

রবীন্দ্রনাথের জাপানবীক্ষা সমালোচনাহীন ছিল না। ধর্ম সম্পর্কে জাপানের সামগ্রিক উদাসীনতা তাঁর অদ্ভুত ঠেকেছে, জাপানি সংগীত তাঁকে মুগ্ধ করেনি, চিন-বিজয়ের স্মারকগুলি দেখে মোটেও খুশি হননি তিনি, বলেছেন- "... সেটা যে অসুন্দর... সে কথা জাপানের বোঝা উচিত ছিল"। বিভিন্ন বক্তৃতায় জাপানের আগ্রাসী জাতীয়তাবাদের সমালোচনা করেছেন তিনি। কিন্তু জাপানি সংস্কৃতির সংযম ও সাবলীলতায় তাঁর মুগ্ধতার কথাই 'জাপান যাত্রী'-তে প্রধান হয়ে উঠেছে। কখনও ইউরোপের, কখনও নিজের দেশের সঙ্গে প্রতিতুলনায় এই সহজতা, সংযম ও সাবলীলতার প্রশংসা করেছেন রবীন্দ্রনাথ, চিহ্নিত করেছেন কাম্য বলে। যে সহজতা ও সংযত জীবনবোধ জাপানি সংস্কৃতির সর্বস্তরে বারবার চোখে পড়েছে তাঁর, তার মধ্যেই জাপানি সংস্কৃতির শক্তি চিহ্নিত করেছেন তিনি নিজের দেশের অভিজ্ঞতার তুলনায়-

"আমাদের দেশের ক্রিয়াকর্মের কথা মনে হল। কী প্রচুর অপব্যয়। কেবলমাত্র জিনিসপত্রের গণ্ডগোল নয়--মানুষের কী চেঁচামেচি, ছুটোছুটি, গলা-ভাঙাভাঙি। আমাদের নিজের বাড়ির কথা মনে হল। বাঁকাচোরা উঁচুনিচু রাস্তার উপর দিয়ে গোরুর গাড়ি চলার মতো সেখানকার জীবনযাত্রা। যতটা চলছে তার চেয়ে আওয়াজ হচ্ছে ঢের বেশি। ... যেখানে একটা দেশের সমস্ত লোকই কম চেঁচায়, কম জিনিস ব্যবহার করে, ব্যবস্থাপূর্বক কাজ করতে যাদের আশ্চর্য দক্ষতা, সমস্ত দেশ জুড়ে তাদের যে কতখানি শক্তি জমে উঠছে তার কি হিসেব আছে।

জাপানিরা যে রাগ করে না তা নয়, কিন্তু সকলের কাছেই একবাক্যে শুনেছি, এরা ঝগড়া করে না। এদের গালাগালির অভিধানে একটিমাত্র কথা আছে--বোকা--তার উর্ধ্বে এদের ভাষা পৌঁছয় না! ঘোরতর রাগারাগি মনান্তর হয়ে গেল, পাশের ঘরে তার টুঁ শব্দ পৌঁছল না, এইটি হচ্ছে জাপানি রীতি। শোকদুঃখ সম্বন্ধেও এইরকম স্তব্ধতা।

এদের জীবনযাত্রায় এই রিক্ততা, বিরলতা, মিতাচার কেবলমাত্র যদি অভাবাত্মক হত তা হলে সেটাকে প্রশংসা করবার কোনো হেতু থাকত না। কিন্তু, এই তো দেখছি--এরা ঝগড়া করে না বটে অথচ প্রয়োজনের সময়

প্রাণ দিতে, প্রাণ নিতে এরা পিছপাও হয় না। জিনিসপত্রের ব্যবহারে এদের সংযম, কিন্তু জিনিসপত্রের প্রতি প্রভুত্ব এদের তো কম নয়। সকল বিষয়েই এদের যেমন শক্তি তেমনি নৈপুণ্য, তেমনি সৌন্দর্যবোধ।"

এই সামগ্রিক বোধ থেকেই রবীন্দ্রনাথের বারবার মনে হয়েছে যে ইউরোপের তুলনায় জাপানি সংস্কৃতি থেকে ভারতের শেখার জিনিস অনেক। আসবাবের সীমিত ব্যবহার ও জীবনযাত্রার সার্বিক রীতি প্রসঙ্গে যেমন তিনি বলেছেন- "আমি নিজের কথা বলতে পারি, আমাদের জীবনযাত্রার উপযোগী জিনিস আমরা এখান থেকে যত নিতে পারি এমন য়ুরোপ থেকে নয়। তা ছাড়া জীবনযাত্রার রীতি যদি আমরা অসংকোচে জাপানের কাছ থেকে শিখে নিতে পারতুম, তা হলে আমাদের ঘরদুয়ার এবং ব্যবহার শুচি হত, সুন্দর হত, সংযত হত।"

তথ্যনিষ্ঠ ভ্রমণকাহিনি লিখতে চাননি রবীন্দ্রনাথ, তাঁর সব মতামতই তাই সমকালীন ঐতিহাসিক তথ্যের কষ্টিপাথরে উতরোবে কিনা, তা বলা সহজ নয়। তা আপাতত আমাদের বিচার্যও নয়। তিনি নিজেই বলেছেন- "একটি কথা তোমরা মনে রেখো--আমি যেমন যেমন দেখছি তেমনি তেমনি লিখে চলেছি। এ কেবল একটা নতুন দেশের উপর চোখ বুলিয়ে যাবার ইতিহাস মাত্র। এর মধ্যে থেকে তোমরা কেউ যদি অধিক পরিমাণে, এমন কি, অল্প পরিমাণেও "বস্তুতন্ত্রতা' দাবি কর তো নিরাশ হবে। আমার এই চিঠিগুলি জাপানের ভূবৃত্তান্তরূপে পাঠ্যসমিতি নির্বাচন করবেন না, নিশ্চয় জানি। জাপান সম্বন্ধে আমি যা কিছু মতামত প্রকাশ করে চলেছি তার মধ্যে জাপান কিছু পরিমাণে আছে, আমিও কিছু পরিমাণে আছি, এইটে তোমরা যদি মনে নিয়ে পড় তা হলেই ঠকবে না। ভুল বলব না, এমন আমার প্রতিজ্ঞা নয়; যা মনে হচ্ছে বলব, এই আমার মতলব।" আজ শতবর্ষ পেরিয়ে এসেও কিন্তু একথা বলা যাচ্ছে না যে জাপানের মৌল বৈশিষ্ট্যটি ধরতে কোনো ভুল হয়েছিল তাঁর। বরং আজকের জাপানে জাপানিদের কাছেই তাঁর 'জাপান যাত্রী' আরও প্রাসঙ্গিক হয়ে উঠছে। মূলত বাঙ্গালিদের জন্য লেখা এই বইটির জাপানি অনুবাদক অধ্যাপক কিয়োকো নিওয়া এবছর এন এচ কে-তে এনিয়ে এক সাক্ষাৎকার দিতে গিয়ে একথাটিই বারবার বলেছেন। তাঁর মনে হয়েছে যে 'জাপান যাত্রী'-তে রবীন্দ্রনাথ জাপানের যে 'মূল চেহারা বা চরিত্র' আর তার 'উৎস' চিহ্নিত করতে চেয়েছিলেন, তা আজও প্রাসঙ্গিক। আর তাই লেখাটি আজ "জাপানী পাঠকের জন্য আরো অর্থপূর্ণ হয়ে উঠেছে..."। ২০০৩-এর ৭ সেপ্টেম্বর 'জাপান টাইমস'-এর সম্পাদকীয়ের শিরোনাম ছিল 'রবীন্দ্রনাথ টেগোর অ্যান্ড জাপান'। পটভূমি ছিল জাপানের শান্তিকামী সংবিধান পরিবর্তনের জন্য লিবারেল ডেমোক্র্যাটিক পার্টির এক প্রভাবশালী সদস্যের দাবী। 'জাপান টাইমস' মনে করেছিল যে এনিয়ে সিদ্ধান্তের আগে বিশ্বযুদ্ধ পূর্ববর্তী জাপানের আগ্রাসী জাতীয়তাবাদের কুফল নিয়ে রবীন্দ্রনাথ উচ্চারিত আশঙ্কা এবং পরবর্তীতে সেই আশঙ্কা ফলে যাওয়ার কথাটি মাথায় রাখলে আখেরে জাপানেরই লাভ হবে।

এমন নয় যে বর্তমান জাপানে রবীন্দ্রনাথ সাধারণভাবে খুব বিখ্যাত বা প্রাসঙ্গিক বলে বিবেচিত। এমনটা না হওয়ারই কথা। বস্তুত জাপানে রবীন্দ্রনাথের প্রভাব মূলত সীমাবদ্ধ ছিল সাহিত্য-সংস্কৃতির জগতে। সাধারণ জনসমাজে এশিয়ার প্রথম নোবেল-প্রাপককে নিয়ে যে তাৎক্ষণিক উন্মাদনা ছিল তা জাপানের আগ্রাসী জাতীয়তাবাদ নিয়ে রবীন্দ্রনাথের সমালোচনাত্মক বক্তব্যের পরপরই মিইয়ে গিয়েছিল। তারপর তো ইতিহাসের কতো পালাবদল ঘটলো। অল্প সময়ের জন্য আন্তর্জাতিক সাম্রাজ্যবাদী শক্তি হিসেবে জাপানের উত্থান, দ্বিতীয় বিশ্বযুদ্ধে তার করুণ পরিণতি, ধ্বংসস্তূপের মধ্য থেকে বিশ্বের প্রধানতম অর্থনৈতিক শক্তি হিসেবে জাপানের পুনরুত্থান— সব মিলিয়ে যেন এক রূপকথার মহাযাত্রা। আজ সাধারণভাবে ভারতবিদ্যা-বঙ্গবিদ্যার গবেষক বা ভারতীয় উপমহাদেশের সাহিত্য-সংস্কৃতিতে আগ্রহী কয়েকজন ছাড়া রবীন্দ্রনাথের নামই বা কজন জানেন। তবু যে ইতিহাসের এই দীর্ঘ সময় পেরিয়ে এসে এই একবিংশ শতাব্দীতেও জাপানের সংবিধান নিয়ে এক বিতর্কে রবীন্দ্রনাথকে প্রাসঙ্গিক মনে হচ্ছে একটি সংবাদপত্রের, কিংবা জাপানি সংস্কৃতির মৌল বৈশিষ্ট্য সম্পর্কে তাঁর পর্যবেক্ষণ যথার্থ ও প্রাসঙ্গিক মনে হচ্ছে জাপানি অধ্যাপক-অনুবাদকের, তা নিশ্চয়ই প্রমাণ করে যে অসামান্য অন্তর্দৃষ্টিসম্পন্ন সেই মানুষটির কথাগুলি ফিরে পড়ার প্রয়োজন রয়ে গেছে আজও; স্রেফ অতীতের স্বাদ নেওয়ার জন্য নয়, বর্তমানের দিশানির্দেশের জন্যও। কথাটি জাপানি পাঠক সম্বন্ধে যতোটা সত্য, আজকের বাস্তবতায় বাঙালি পাঠকের জন্যও তার থেকে কম সত্য নয়। ■

Ruins of the Hara Family Vila where Tagore stayed several months.

Tea room visited by Tagore



Board in front of the Tea room tells the story.

Board in front of the ruins tells the story.

Group photo of Tagore with Sankei Hara

Photos taken at Sankei-en garden Yokohama.

PC: Rita kar

রবীন্দ্রনাথ, জিন্‌যো নারুসে এবং তোমি কোরা

—জাপান মহিলা বিশ্ববিদ্যালয়কে কেন্দ্র করে তিন বিদ্বজ্জনের মধ্যেকার বন্ধন—

- কাজুহিরো ওয়াতানাবে

গত বছর এনএইচকে টেলিভিশন থেকে প্রচারিত সিরিয়াল "আসা গা কিতা (অন্ধকার কেটে হয়েছে ভোর)"-এর যারা ভক্ত ছিলেন, তাদের হয়ত মনে আছে যে নাটকের নায়িকা ছিলেন একজন সফল মহিলা ব্যবসায়ী এবং তিনি মেয়েদের উচ্চ শিক্ষার প্রসার ও উন্নয়নের তাগিদে জাপানের প্রথম মহিলা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেন। নাটকটির কাহিনী সত্যিকারের ঘটনা অবলম্বনে রচিত হয়। নাটকে যে হিনোদে জোশি দাইগাকু, আক্ষরিক অর্থে সূর্যোদয় মহিলা বিশ্ববিদ্যালয়-কে দেখানো হয়, সেটি টোকিওর মেজিরো এলাকায় অবস্থিত "নিহোন জোশি দাইগাকু" (Japan Women's University বা জাপান মহিলা বিশ্ববিদ্যালয়)-এর আদলে কল্পিত। জাপান মহিলা বিশ্ববিদ্যালয়ের প্রথম উপাচার্য পদে অধিষ্ঠিত হন জিন্‌যো নারুসে। নাটকটিতে অবশ্য তাঁকে ইজুমি নারুসাওয়া হিসাবে দেখানো হয়।

জিন্‌যো নারুসে ছিলেন একজন বিশিষ্ট শিক্ষাবিদ। রবীন্দ্রনাথের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগের জন্যও তিনি সুপরিচিত। রবীন্দ্রনাথ তাঁর জাপান সফরের সময় জাপান মহিলা বিশ্ববিদ্যালয় ও তার সংশ্লিষ্ট স্থাপনায় বেশ কয়েকবার গিয়ে ছাত্রীদের সঙ্গে মিশেছিলেন। ছাত্রীদের মধ্যে একজন ছিলেন তোমি কোরা, যিনি রবীন্দ্রনাথের ব্যক্তিত্বে মোহিত হন এবং পরবর্তীতে তাঁর কবিতা অনুবাদ করে জাপানি পাঠকদের কাছে তুলে ধরেন। এই প্রতিবেদনে রবীন্দ্রনাথ ও জাপান মহিলা বিশ্ববিদ্যালয়ের সম্পর্ক নিয়ে পর্যালোচনা করা হবে এবং নারুসে ও কোরার সঙ্গে রবীন্দ্রনাথের যোগাযোগের উপরে আলোকপাত করা হবে।

১৯১৬ সালের ২৯শে মে রবীন্দ্রনাথ প্রথম বারের মত জাপানে পৌঁছান। সেই সময় তিনি প্রায় তিন মাস জাপানে ছিলেন। মূলত ইয়োকোহামায় রেশম সুতোর ধনী ব্যবসায়ী সান্‌কেই হারার বাসভবনে (বিশাল এই বাড়ি বর্তমানে সান্‌কেইএন উদ্যান নামে পরিচিত) অবস্থান করে রবীন্দ্রনাথ চিত্রশিল্পী তাইকান ইয়োকোইয়ামা সহ বিশিষ্ট শিল্পী, বুদ্ধিজীবী এবং রাজনীতি ও অর্থনৈতিক মহলের নেতৃবৃন্দের সঙ্গে মেলামেশা করেন, সেই সঙ্গে বিভিন্ন জায়গা ঘোরেন। এছাড়া তাঁকে কেন্দ্র করে বেশ কয়েকটা বক্তৃতা সভারও আয়োজন করা হয়। টোকিওতে রবীন্দ্রনাথ তদানীন্তন টোকিও রাজকীয় বিশ্ববিদ্যালয়, কেইও বিশ্ববিদ্যালয় ও ওয়াসেদা বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত সভায় লম্বা বক্তৃতা দেন। এই তিনটি খ্যাতনামা বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত বক্তৃতা সভা ছিল প্রতিটি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও ছাত্র সহ জনসাধারণের জন্য উন্মুক্ত। তবে তাঁর প্রথম জাপান ভ্রমণের সময় রবীন্দ্রনাথ একবার টোকিও তথা ওসাকার মত বড় শহরের বাইরে, তাও শুধু ছাত্রীদের উদ্দেশ্যে বক্তব্য রেখেছিলেন। এই অনন্য ধরনের বক্তৃতা সভা অনুষ্ঠিত হয় গ্রীষ্মকালীন অবকাশ কেন্দ্র হিসাবে পরিচিত নাগানো জেলার কারুইজাওয়াতে অবস্থিত জাপান মহিলা বিশ্ববিদ্যালয়ের "সান্‌সেন রিয়ো শৈলাবাস" নামক স্থাপনায়।

জাপান মহিলা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য জিন্‌যো নারুসে স্বয়ং টোকিওতে রবীন্দ্রনাথের সঙ্গে দেখা করে তাঁর বিশ্ববিদ্যালয়ের ছাত্রীদের জন্য ভাষণ দেওয়ার অনুরোধ করেন বলে জানা যায়।

শিল্পপতি, সমাজ আন্দোলনকারী এবং জাপানের ব্যাংক ব্যবস্থার প্রতিষ্ঠাতা হিসাবে অতি পরিচিত এইইচি শিবুসাওয়া, টোকিও বিশ্ববিদ্যালয়ের ধর্ম বিদ্যা বিভাগের অধ্যাপক মাসাহারু আনেসাকিদের সঙ্গে নারুসে ১৯১২ সালে "কিইৎসু কিয়োকাই" বা Association of Concordia নামক এক সংগঠন প্রতিষ্ঠা করেন। এই সংগঠনের উদ্দেশ্য হিসাবে ধর্মের বৈচিত্র্য ও নৈতিকতাবোধের মধ্যে সমন্বয় সাধনের মাধ্যমে অভিন্ন লক্ষ্য অর্জনের জন্য তাদের পরস্পরের মধ্যে বোধগম্যতা ও সহযোগিতা বৃদ্ধির কথা উল্লেখ করা হয়েছে। নারুসে নিজে ছিলেন খ্রিস্টান ধর্মাবলম্বী। কিন্তু তিনি ধর্মের পার্থক্য অতিক্রম করে একটি আদর্শ সমাজ গড়ে তোলার ব্রত নেন।

তিনি রবীন্দ্রনাথের লেখা পড়ে আগে থেকেই তাঁর চিন্তা-ভাবনার ব্যাপারে বিশেষ আগ্রহ পোষণ করছিলেন। টোকিও বিশ্ববিদ্যালয় ও অন্যান্য জায়গায় প্রদত্ত রবীন্দ্রনাথের বক্তৃতা শুনে নারুসের উপলব্ধি হল যে তাঁর কিইৎসু কিয়োকাই-এর আদর্শের সঙ্গে রবীন্দ্রনাথের ধারণার সাদৃশ্য রয়েছে। তিনি রবীন্দ্রনাথের বক্তব্যকে মানব জাতির শান্তিপূর্ণ সহ অবস্থানের জন্য গুরুত্বপূর্ণ বাণী হিসাবে গ্রহণ করেন। তাই জুলাই মাসে তিনি রবীন্দ্রনাথকে তাঁর জাপান মহিলা বিশ্ববিদ্যালয়ে আমন্ত্রণ করেন। কবিগুরু নারুসের অনুরোধে সাড়া দিয়ে বিশ্ববিদ্যালয়ের মিলনায়তনে উপস্থিত ছাত্রীদের সামনে নিজের লেখা কয়েকটা বাংলা কবিতা আবৃত্তি করে শোনান। জাপান মহিলা বিশ্ববিদ্যালয়ের অ্যালমনি অ্যাসোসিয়েশন থেকে প্রকাশিত সাময়িকী অনুযায়ী " সোনার ছোট ঘণ্টার মত তাঁর কণ্ঠস্বর হল-এ প্রতিধ্বনিত হচ্ছিল এবং শ্রোতাদের হৃদয়ে পৌঁছেছিল।" নারুসের অনুরোধে রবীন্দ্রনাথ আগস্ট মাসে কারুইজাওয়াতে গিয়ে সান্‌সেন রিয়ো শৈলাবাসে ছাত্রীদের উদ্দেশ্যে বক্তৃতা দিতে রাজী হন।

সান্‌সেন রিয়ো শৈলাবাস জাপান মহিলা বিশ্ববিদ্যালয়ের গ্রীষ্মকালীন ছাত্রাবাস। টোকিওর গরম এড়িয়ে ছাত্রীরা এখানে এসে পড়াশোনা, ব্যায়াম ও অন্যান্য শিক্ষাগত কার্যক্রমে অংশ নেয়। স্থাপনাটি এখনো বিদ্যমান, যদিও রবীন্দ্রনাথের যেখানে পদধূলি পড়েছিল, সেই ভবনটি আর নেই। ভবনটি মূলত নির্মাণ করা হয় ১৯০৬ সালে, পরে সেটা ভেঙ্গে দিয়ে নতুন ভবন স্থাপন করা হয়। তবু রবীন্দ্রনাথ যে দেবদারু গাছের তলায় পা মুড়ে বসে কথা বলেছিলেন এবং উপাসনা করেছিলেন, সেই গাছটি এখনো রয়ে গেছে। রবীন্দ্রনাথ কারুইজাওয়াতে ৬ দিন অবস্থান করে তার মধ্যে ৩ দিন ছাত্রীদের সামনে উপবিষ্ট হয়ে বক্তৃতা দিয়েছিলেন বলে জানা যায়।

কারুইজাওয়া সফর শেষে তাঁর জন্য আয়োজিত বিদায়ী অনুষ্ঠানে তিনি বলেন, "জাপানে আসার পর এই প্রথম ওই গাছের তলায় বসে তোমাদের সঙ্গে কথা বলে গভীর সংযোগ ও স্নেহ উপলব্ধি করলাম। সত্যতা ও পরমাত্মার অন্বেষণের প্রক্রিয়ায় ঈশ্বরের সহায়তায় প্রাপ্ত তোমাদের সঙ্গে প্রাণের সম্পর্ক চিরকাল আমাকে মুগ্ধ করবে।"

কারুইজাওয়া ভ্রমণের পরও রবীন্দ্রনাথ এবং নারুসে মানসিক বন্ধনে আবদ্ধ ছিলেন। তাঁরা এ বিষয়ে একমত পোষণ করেন যে প্রাচ্যের ইতিহাস জড়বাদ এবং বাহ্যিক ও মর্মবিহীন শিক্ষার অবসান ঘটিয়ে বিশ্বকে পরিবর্তন করতে সক্ষম হবে। ক্যান্সারে আক্রান্ত হয়ে ১৯১৯ সালে নারুসে ইহলোক ত্যাগ করার পরও রবীন্দ্রনাথ তাঁর পরবর্তী জাপান সফরের সময় বেশ কয়েকবার জাপান মহিলা বিশ্ববিদ্যালয়ে গিয়েছিলেন এবং ছাত্রীদের সঙ্গে মিশেছিলেন।

সান্‌সেন রিয়ো শৈলাবাসে রবীন্দ্রনাথের প্রদত্ত বক্তৃতার শিরোনাম Meditation, ১৯১৭ সালে প্রকাশিত তাঁর ইংরেজিতে দেওয়া বক্তৃতার সংকলন Personality-তে ছাপা হয়েছে।

রবীন্দ্রনাথ তাঁর কথা শুরু করেন এইভাবে;

There are things that we get from outside and take to ourselves as possessions.

But with meditation, it is just the opposite. It is entering into the very midst of some great truth, so that, in the end, we are possessed by it.

Now let us see by contrast what wealth is. Money represents so much labor. By its means I can detach the labor from man and make it my own possession. I acquire it

from outside and convert it to my own power.

Then there is knowledge. One kind of knowledge is that which we gain from other men. Then there is the other kind which we acquire through observation, experiments and the process of reasoning.

These are all efforts to take that which is away from me, and get it to myself. In these things our mental and physical energies are employed in quite a contrary manner in from Meditation.

The highest truth is that which we can only realize by plunging into it. And when our consciousness is fully merged in it, then we know that it is no mere acquisition, but that we are one with it.

Thus through meditation, when our soul is in its true relation to the Supreme Truth, then all our actions, words, behavior, become true.

তার পর তিনি গায়ত্রী মন্ত্রের সারমর্ম সম্পর্কে নিজস্ব ব্যাখ্যা সহ ছাত্রীদের বুঝিয়ে দেন এবং ধ্যানের উদ্দেশ্য ও তাৎপর্য নিয়ে কথা বলেন।

মাটিতে গদি পেতে তার উপর হাঁটু মুড়ে রবীন্দ্রনাথের কথা শোনে প্রায় পঞ্চাশ জন মেয়ে। তাদের মধ্যে ছিলেন তোমিকো ওয়াদা নামের ১৯ বছর বয়সী এক ছাত্রী। পরে সেদিনের স্মৃতি রোমন্থন করে তিনি লিখেছেন;

"ভারত থেকে কবিগুরু রবীন্দ্রনাথ জাপানে এলে তাঁকে উষ্ণ অভ্যর্থনা জানানো হয়। তিনি বিভিন্ন জায়গায় বক্তৃতা সভার আয়োজন করেন এবং আমাদের বিশ্ববিদ্যালয়েও আসেন। তার পর তিনি কারুইজাওয়াতে সান্‌সেন রিয়ো শৈলাবাসে অনুষ্ঠিত আমাদের গ্রীষ্মকালীন প্রশিক্ষণ কার্যক্রমে অংশ নেন। বক্তৃতার পাশাপাশি তিনি ভোর ও সন্ধ্যায় দেবদারু গাছের তলায় বসে উপাসনা করতেন এবং সদ্য রচিত মুক্তার মত সুন্দর বাংলা কবিতা ইংরেজিতে অনুবাদ করে শোনাতেন চমৎকার গলায়। ইংরেজি বিভাগের ছাত্রী হিসাবে আমি সেই কবিতা নোট করে নিয়ে অন্য ছাত্রীদের অনুবাদ করে শোনাতাম। বনের স্নিগ্ধ শ্যামলিমার মধ্যে উপবিষ্ট কবিগুরুকে ভোর এবং সন্ধ্যার আলো কি সুন্দরভাবে আলোকিত করে তুলত ! তাঁকে একেবারে ঈশ্বরের অবতারের মত লাগত। তাঁর শান্তির বাণী আমার মনের গভীরে এসে পড়ত। এর পর রবীন্দ্রনাথ কয়েকবার জাপানে আসেন। আমি সব সময় দোভাষী হিসাবে তাঁর কাছে থাকার সুযোগ পাই। রবীন্দ্রনাথের সঙ্গে যোগাযোগ আমার পক্ষে এত গুরুত্বপূর্ণ ঘটনা যার ফলে আমার জীবনের পথ নির্ধারিত হয়েছে।"

জাপান মহিলা বিশ্ববিদ্যালয় থেকে পাশ করার পর তোমিকো ওয়াদা যুক্তরাষ্ট্রে গিয়ে কলোম্বিয়া বিশ্ববিদ্যালয় ও জন্‌স-হপকিন্স বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করেন এবং ডক্টরেট ডিগ্রী লাভ করে স্বদেশে ফিরে আসেন। তিনি জাপানে ডক্টরেট ডিগ্রী অর্জনকারী প্রথম ও মুষ্টিমেয় কয়েকজন মহিলার একজন। জাপানে প্রত্যাবর্তনের পর তিনি বিবাহ সূত্রে আবদ্ধ হয়ে তোমি কোরা নামে পরিচিতি লাভ করেন। তিনি জাপান মহিলা বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করেন। দ্বিতীয় মহাযুদ্ধের পর ১৯৪৭ সালে অনুষ্ঠিত সংসদের উচ্চ পরিষদের প্রথম নির্বাচনে দাঁড়িয়ে তিনি সফলভাবে নির্বাচিত হন এবং মোট ১২ বছর সাংসদ হিসাবে দেশের রাজনৈতিক অঙ্গনে সক্রিয়ভাবে কাজ করেন।

অধ্যাপক কাজুও আজুমার গবেষণা অনুযায়ী ১৯১৬ সাল সহ মোট ৬বার কোরা রবীন্দ্রনাথের সঙ্গে দেখা করেন। তাঁদের দ্বিতীয়বার দেখা হওয়ার সুযোগ হয় ১৯২০ সালে যখন রবীন্দ্রনাথ যুক্তরাষ্ট্রে ভ্রমণে গিয়েছিলেন। তখন আমেরিকাতে পড়াশোনারত কোরা খবর পেয়ে রবীন্দ্রনাথের কাছে ছুটে যান। ১৯২৪ সালে রবীন্দ্রনাথ চীন সফরের পরবর্তী পর্যায়ে জাপানে আসেন। তাঁর জাহাজ নাগাসাকি বন্দরে নঙ্গর করলে কোরা সেখানে উপস্থিত হয়ে কবিগুরুকে স্বাগত জানান এবং তাঁর সঙ্গে টোকিওতে চলে আসেন। এই সময় রবীন্দ্রনাথ প্রায় এক মাস জাপানে ছিলেন। কোরা সব সময় দোভাষী হিসাবে তাঁর কাছে থাকতেন এবং নানা ভাবে রবীন্দ্রনাথের দেখাশোনা করতেন। তার পর ১৯২৯ সালে কানাডায় আসা যাওয়ার পথে রবীন্দ্রনাথ অল্প দিনের জন্য জাপানের মাটিতে পা রাখেন। কোরা তখনও তাঁর দোভাষীর কাজ সম্পন্ন করেন। কোরার দীর্ঘ দিনের স্বপ্ন ছিল ভারতে গিয়ে নিজের চোখে সরাসরি রবীন্দ্রনাথের শান্তিনিকেতন দেখার। দীর্ঘ দিন অপেক্ষার পর এই স্বপ্ন বাস্তবায়িত হয় ১৯৩৫ সালে। রবীন্দ্রনাথও খুব খুশি হয়ে কোরাকে অভ্যর্থনা জানান। তিনি নাতনী নন্দিনীকে দিয়ে কোরাকে শান্তিনিকেতন ঘুরিয়ে দেখান।

রবীন্দ্রনাথ ও কোরার মধ্যে প্রথম পরিচয়ের বর্ণনা করে অধ্যাপক আজুমা এভাবে লেখেন;

"তিনি (রবীন্দ্রনাথ) তোমি কোরার ব্যক্তিত্ব ও ইংরেজি জ্ঞানের পরিচয় পেয়ে তাঁকে তাঁর ভাষণের নোট নিতে এবং অন্যদের তা বুঝিয়ে দিতে বলেন। ... তোমি কোরা রবীন্দ্রনাথের স্নেহ সম্বোধনে কৃতার্থ হয়ে আনন্দে তাঁর সব আদেশ পালন করতেন। রবীন্দ্রনাথের বক্তৃতার নোট নেওয়া সেই অমূল্য খাতাটি আজও সুরক্ষিত। রবীন্দ্রনাথের প্রথম দর্শন, তাঁর বাণী শ্রবণ ও আদেশ পালনের মধ্য দিয়ে কোরার অন্তরে রবীন্দ্র-ব্যক্তিত্বের যে সহজ সুন্দর ছাপ পড়ে তা আমৃত্যু তাঁকে পথ দেখিয়েছে। তিনি রবীন্দ্রনাথকে গুরুরূপে বরণ করেছিলেন।"

কোরার জীবনাবসান হয় ১৯৯৩ সালে। তিনি সারা জীবন কবিতা সহ রবীন্দ্রনাথের বহু সাহিত্যিক রচনার অনুবাদ এবং বক্তৃতার মাধ্যমে জাপানিদের কাছে কবিগুরুর আদর্শ উপস্থাপনের কাজে নিজেকে উৎসর্গ করেন। তিনি শান্তি আন্দোলন ও নারী আন্দোলনেও সক্রিয় এবং আন্তর্জাতিক ভূমিকা রাখেন। তাঁর এই কর্মকাণ্ডের প্রেক্ষাপটে রবীন্দ্রনাথের প্রভাব ছিল।

১৯৮১ সালে কবিগুরুর ১২০তম জন্মবার্ষিকী উপলক্ষে কারুইজাওয়াতে রবীন্দ্রনাথের আবক্ষ মূর্তি নির্মাণ করা হয়। এই মূর্তি স্থাপনের মূল উদ্যোক্তাদের মধ্যে একজন ছিলেন তোমি কোরা। মূর্তিটির স্তম্ভে দেবনাগরী অক্ষরে "অহিংসা" কথাটি খোদাই করা হয়েছে।



১৯৬৭ সালে জাপানে কোরার অনুবাদ করা রবীন্দ্রনাথের কবিতাগুচ্ছ প্রকাশিত হয়। এই বইতে অনুবাদকের মন্তব্য রূপে কোরার একটি কবিতা লিপিবদ্ধ করা হয়। "গুরুদেব রবীন্দ্রনাথের স্মৃতি" নামে লেখা সেই কবিতাটির অংশবিশেষ পাঠকের সামনে উপস্থাপনের মাধ্যমে আমার এই প্রবন্ধের ইতি টানবো।

গুরুদেব—মহান গুরু আমার!
বুকে অজস্র স্বপ্ন নিয়ে আপনি যে দিন জাপানের মাটিতে প্রথম পা রাখলেন,
তখন আমি ছিলাম ১৯ বছর বয়েসী তরুণী।
দেখলাম আপনার রুপালি চুল ও দাড়ি, লম্বা গড়ন, উজ্জ্বল চোখের মণি,
সবাই ডাকত আপনাকে কবিগুরু বলে।
একটুখানি কুঁচকানো আপনার ভ্রু, মনের মধ্যে কি যেন দুশ্চিন্তা ?
সুউচ্চ ও মণিমুক্তার মত স্বচ্ছ আপনার কণ্ঠস্বরে
কবিতা আবৃত্তি করে শোনালেন যখন
আমার নাকে ভেসে এলো বাংলার ফুলের ঘ্রাণ
যেন শুনতে পেলাম সেই রাখাল ছেলের গান
বট গাছের তলায় দুপুরের শান্ত নিদ্রা যার পরম প্রিয়।
....
যুদ্ধে মেতে গিয়েছিল আমাদের এই পৃথিবী, তাও দু-দুবার
তাতে মর্মাহত হয়ে আপনি দুঃখে ভাঙ্গা মন নিয়ে
কতবার ঘুরেছিলেন ইউরোপে এশিয়ায়
অস্ত্র দিয়ে কখনো কোনো সমাধান হবে না, সেই দাবি জানিয়ে।
ইউরোপে ও আমেরিকায় আমি আপনাকে দেখেছি
শান্তি ও সত্যের পথ সবাইকে বোঝাতে।

চীন হয়ে জাপানে এসেছিলেন যেদিন
আপনার দোভাষী হয়ে ঘুরলাম নাগাসাকি থেকে হাকাতায়,
মিয়াজিমা থেকে কোবের রোক্কো পাহাড়ে।
জাপানকে বারবার দেওয়া আপনার সতর্ক বাণী
হেসে উড়িয়ে দিল এ-দেশের যুদ্ধ-প্রিয় মানুষজন
তবু আপনি জানতেন
আপনার দেশের মত পরাধীন থাকা কোরিয়া
এবং বহির্শক্তির চাপে জর্জরিত চীনের
পুরনো সংস্কৃতি ও জাতির ভবিষ্যৎ কি হতে পারে!

শেষ পর্যন্ত যুদ্ধ শুরু করে দিল জাপান
সে নিজে কোরিয়া ও চিনের সঙ্গে একই সংস্কৃতির ধারায় বাহিত হচ্ছে
সে কথা সম্পূর্ণ ভুলে গিয়ে।

১৯ বছরের মেয়ে ছিলাম আমি তখন, তার পর হয়েছি তিন মেয়ের মা
সব সময়েই ভাবতাম, এদের একদিন পাঠিয়ে দেব গুরুদেবের আশ্রমে
যুদ্ধে পরাজয় এবং আণবিক বোমা
ফেলে দিয়েছে জাপানকে গভীর অন্ধকারে
এক সময় মৃত্যু কেড়ে নিলো আমার ছোট মেয়েটিকে
সে রেখে গিয়েছিল 'বসন্তের তুষার' বইটি
সাহিত্য পড়ে কবি হয়েছে মেজো মেয়ে
এদিকে বড় মেয়ে চিত্রকর, রোজ স্বপ্নে আঁকে ভারতের ছবি
আপনার জন্মের শতবার্ষিকীতে উৎসর্গ করেছিল সে
স্বপ্নে দেখা বাংলার দৃশ্য ও মানুষজনকে ফুটিয়ে তোলা এক ছবি।

শান্তিনিকেতনের জাপানি বাগানে সেতার ও বীণার সুরে
মধুর সংগীতের মধ্যে দিয়ে আমায় বিদায় জানানোর মাত্র কয়েক বছর পর
আপনি চলে গেলেন চির-নিদ্রায়
অসংখ্য যুঁই ফুলে বেষ্টিত হয়ে – সেই ৭ই আগস্ট ১৯৪১
যুদ্ধ ছিল তখন তুঙ্গে।

তবে আপনার গীতাঞ্জলীতে আপনার সেই বাণী—
"জীবন আমার এত ভালোবাসি বলে হয়েছে প্রত্যয়
মৃত্যুরে এমনি ভালো বাসিব নিশ্চয়।"
সর্বদা দেয় সান্ত্বনা আমার মনে
সেই অলৌকিক শক্তি দিয়ে।

মনে চরম দুঃখ নিয়ে যে দিন মৃত্যুর ছায়ার উপত্যকায় পথভ্রষ্ট হয়ে আছি
অথবা যে দিন আণবিক বোমায় আক্রান্ত শহরে অন্ধকারের মধ্যে হাঁটছি
সুদূর আকাশ থেকে ভেসে আসা বাণীর মত
পথ দেখিয়েছে আপনার কবিতা
আমাকে কোমলভাবে জড়িয়ে ধরে। ■

BATJ heartily welcomes Mrs. Pramita Mallick one of the exponents of Rabindra Sangeet to its Durga Puja celebration in Tokyo. This year being the centenary of Tagore's first visit to Japan, our wish to commemorate the historical event will be reinforced by the presence of an erudite scholar of Rabindra Sangeet like Mrs. Mallick among us.

Mrs. Mallick a winner of various awards, was trained in Santiniketan from an early age, under Santidev Ghosh, Kanika Banerjee, Nilima sen, among others. She was also trained by Subinoy Roy in Rabindra Sangeet, Chandidas Mal in Bengali songs, and Pandit Kumar Prosad Mukherjee in Kheyal.

タゴール訪日百年に寄せて

－神戸　朋子

1916年のタゴール訪日から百年を経た今日、今こそタゴールの思想に掬すべき時だと思う。

タゴールは1941年、死の3か月前、「文明の危機」という講演で、文明の本質とその危機を警告した。

このようにタゴールは、今から75年前すでに、現代の問題を予言していたが、一切が崩壊の兆しに見える今日、その重要性が増しているように思う。

第一に「神と自然と人間の調和」が強調されているが、今やこの関係が乱れて、様々な影響が全世界で顕著になっている。

大気中の二酸化炭素の増加、熱帯雨林の破壊、農耕地の開発、砂漠の拡大など、人間活動に起因する問題が、自然の摂理で営まれていた地球を汚している。

その結果、地球温暖化を引き起こし、気象異常が地球規模に拡大している。

タゴールは「自然の循環停止が、人間存在の破滅に至る」とすでに百年前に警告していた。

第二に「化学や機械は、自然と人間に調和しなければ、自然も人間も破壊され、やがて全破滅が起こる」と警鐘を鳴らしたが、今や科学や技術の発展は、自然と人間の調和から離れ、化学兵器や放射能で大地は汚され、自然も人間も破壊され始めている。

そして又、物質文明の進歩は、生活を豊かにしたが、飽くなき人間の欲望は増大し、人間性が失われた。

第三にタゴールが高く掲げる思想は、民族と国を超えた真のヒューマニズムであり、時空を超えた「永　遠なる御方」を求めつづけることであった。

敵意に満ちた狂気の世界は、絶えず無慈悲な戦いが起こっている。

彼らのやり方はひどく不誠実で、複雑な貪欲で束縛されている。

新たなおん身の誕生を　苦しんでいる数知れぬ人が待ち望んでいる
　高潔な人よ　救い給え　甘味な不滅の言葉をもたらせ給え
永遠に美わしく咲き香る　愛に満ちた蓮の花を咲かせ給え
　静けさよ、自由よ、永遠なる善よ、慈悲深さよ、おお　世界を浄め給え

慈悲深い人よ来たれ、困難な生贄を捧げさせ給え
　偉大な仏教の乞食よ、みんなの傲慢を取り去り給え
人々の悲しみを忘れさせ給え、迷いを捨てさせ給え
　賢者である太陽の日の出の壮麗さを輝かせ給えー
全世界が命を貰うように、盲人が見えるように
　静けさよ、自由よ、永遠なる善よ、慈悲深さよ、おお　世界を浄め給え

嘆きの涙が溢れ　みんなの心が悲しみの炎でもえている
　物の毒で疲れた異常な有様にあり　その悲しみは慰められない
すべての国々が　血の罪の不名誉な白檀の印をつけた
　おん身の右手で　天井の喜びを伝えるほら貝をもたらせ給え
おん身の幸運をもたらすラーガの調べを　おん身の美わしい韻律を
　静けさよ、自由よ、永遠なる善よ、慈悲深さよ、おお　世界を浄め給え

（拙訳）

この詩のように、今、世界中に敵意と不信の暗雲が立ちこめている。

タゴールは、宗教・人種・イデオロギーの違いを超えて、皆兄弟という世界意識を唱え、真のヒューマニズムに基づく平和を求めた。

今や尚も、タゴールの詩や思想が、必要とされているのではないだろうか。

タゴールの使命は又、武力による支配を終わらせること、主義主張の違いによる狂気の争いをなくすこと、エゴイズムの狭い「部屋」に閉じこもってはならないこと、などであった。

このように、タゴールの思想・哲学そして詩や歌は、今なお色あせることなく、現代のみならず未来へも光を放ちつづけることだろう。

完

বাঙালির জাপান যাত্রা

- শুভা চক্রবর্তী দাশগুপ্ত

রবীন্দ্রনাথের জাপান যাত্রার একশো বছর পূর্তি হিসেবে আসুন একবার দেখে নিই বাঙালির জাপান ভ্রমণের কয়েকটি বিশেষ মুহূর্ত। বিংশ শতাব্দীর গোড়ায় মন্মথনাথ ঘোষ, সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়, হরিপ্রভা তাকেদা থেকে শুরু করে ২০১৩ সালে নির্মলকুমার দাসের আলেখ্য পর্যন্ত কত অসংখ্য ভ্রমণকাহিনিই না রচিত হয়েছে! যেন বা সুন্দর, অপরিচিত এই দেশ ঘুরে এসে কোলরিজ-এর সেই বিখ্যাত নাবিকের মতন এদেশ নিয়ে অনিবার্যভাবেই গল্প শোনাতে হবে। ভিন্ন অবস্থান থেকে বিভিন্ন স্বাদের গল্প। হতে পারে তা জাপানি ক্ষুদ্রশিল্পের এবং শিল্পের সঙ্গে যুক্ত উন্নয়নের কাহিনি, প্রাচীনযুগ থেকে অতি দ্রুত জাপানের নবীনযুগে উত্তরণের ইতিহাস, নারীর রচনায় নারীশিক্ষার খুঁটিনাটি, বৈজ্ঞানিকের কলমে জাপানে পরিবেশ সচেতনতার অসংখ্য উদাহরণ, নেতাজির কথা অথবা নানাবিধ সামাজিক রীতিনীতির বিবরণ, খাদ্যদ্রব্য, মেয়েদের সাজপোশাক, চেরিফুল, উন্মুক্ত আকাশের তলায় কামাকুরার বুদ্ধমূর্তি, ফুজি-সান, সমুদ্র ইত্যাদির কখনো মায়াবী কখনো একরৈখিক বর্ণনা। সে-সব গল্পের অনেকখানিই রবীন্দ্রনাথ যে বলেছিলেন সেই "নতুন দেশের উপর চোখ বুলিয়ে যাবার ইতিহাসমাত্র", তবু তারই মধ্যে কখনো কখনো ধরা পড়ে কোনও নিবিড় উপলব্ধি।

মনে করুন **জাপান-যাত্রী**-তে রবীন্দ্রনাথের শিমোমুরার আঁকা সেই বিখ্যাত ছবির বর্ণনা-- "শীতের পরে প্রথম বসন্ত এসেছে; প্লামগাছের ডালে একটাও পাতা নেই, সাদা সাদা ফুল ধরেছে, ফুলের পাপড়ি ঝরে ঝরে পড়ছে; ... একপ্রান্তে দিগন্তের কাছে রক্তবর্ণ সূর্য দেখা দিয়েছে, ... অপর প্রান্তে প্লামগাছের রিক্ত ডালের আড়ালে দেখা যাচ্ছে একটি অন্ধ হাতজোড় করে সূর্যের বন্দনায় রত। একটি অন্ধ মানুষ, এক গাছ, এক সূর্য, আর সোনায় ঢালা এক সুবৃহৎ আকাশ; এমন ছবি আমি কখনো দেখিনি। উপনিষদের সেই প্রার্থনাবাণী যেন রূপ ধরে আমার কাছে দেখা দিলে - তমসোমাজ্যোতির্গময় ... কেবল অন্ধ মানুষের নয়, অন্ধ প্রকৃতির এই প্রার্থনা ... অথচ আলোয় আলোময় – তারি মাঝখানে অন্ধের প্রার্থনা" (**জাপান-যাত্রী** , **রবীন্দ্ররচনাবলী**, বিশ্বভারতী ১৯৯৫:৪৩১)। তার আগে রবীন্দ্রনাথ লিখছেন, "শিল্প জিনিসটা যে কত বড় জিনিস ... তার মধ্যে জ্ঞানীর জ্ঞান, ভক্তের ভক্তি, রসিকের রসবোধ যে কত গভীর শ্রদ্ধার সঙ্গে আপনাকে প্রকাশ করবার চেষ্টা করেছে, তা এখানে এলে তবে স্পষ্ট বোঝা যায়" (**জাপান-যাত্রী**, ১৯৯৫:৪৩০)। এই ছবি ও তার বর্ণনা যেন সহমর্মী পাঠককে কোনও একটি নির্দিষ্ট বস্তুর প্রতি গভীর মনোনিবেশ করতে শেখায়, নিয়ে যায় অতলস্পর্শী ভাব ও রূপের আঙিনায়, শিল্প সম্পর্কেই আনে কোনও অন্য অভিজ্ঞান।

রবীন্দ্রনাথের **জাপান-যাত্রী**-র পর সম্ভবত অন্নদাশঙ্কর রায়-এর **জাপানে** (১৯৫৯) দ্বিতীয় জনপ্রিয় ভ্রমণ আলেখ্য। পেন কংগ্রেস-এর শিল্পীবৃন্দের সঙ্গে ১৯৫৭ সালে অন্নদাশঙ্করের জাপানভ্রমণ। পরিচিত অপরিচিত নানান ছোটোখাটো ছবি দিয়ে ভ্রমণকাহিনির মতো করেই লেখা একশো কুড়ি পৃষ্ঠা পেরিয়ে লেখক আরম্ভ করেন নিজস্ব একটি যাত্রা, পেন-এর সদস্যরা তখন বিদায় নিয়েছেন। তিনি বেরিয়েছেন নারা পরিদর্শনে। পাতার পর পাতা জুড়ে আসে বৌদ্ধ মন্দিরের বর্ণনা, তার সঙ্গে যুক্ত দর্শন ও জীবনবোধ। ধরা দেয় সেই নিবিড় অনুভূতি যা পাঠককেও স্পর্শ করে। পাথেয় হয়ে ওঠে তার জীবনবীক্ষার। নারার তোদাইজি মন্দিরে লেখক বৌদ্ধধর্মের কোগান সম্প্রদায়ের কথা বলছেন। যে তত্ত্বের উপর এই সম্প্রদায় প্রতিষ্ঠিত তার সার অবতংসক সূত্রে। সূত্রটি যেন একটা প্রেমের কবিতা, নিখিল বিশ্বের প্রতি বুদ্ধের প্রেম। "এঁদের বিশ্বাস বুদ্ধের চিন্তা আপনাকে প্রতিফলিত করছে... সীমাহীন ভাবে নিরবধিকাল সর্বজগতে ও সর্বজীবে। সমগ্রের প্রতিফলন প্রত্যেকটি পরমাণুতে আর প্রত্যেকটি পরমাণুর প্রতিফলন সমগ্রে। এক একটি ধূলিকণা এক একটি জগৎ। এক একটি জগতে এক একটি বুদ্ধ"। তিনি নিয়ত সেখানে প্রজ্ঞা বিকিরণ করছেন। "বিশ্বময় বুদ্ধের আলোকবিম্ব। কোনোখানে এমন একটিও বস্তুকণা নেই যাতে বুদ্ধের কল্যাণকর্মের প্রকাশ নেই। বলাবাহুল্য এ বুদ্ধ ইতিহাসের পুরুষ নন, শাক্যমুনি বুদ্ধ নন, ইনি বৈরোচন, ইনি কেবলমাত্র জ্যোতি, ইনি শুদ্ধসত্ত্ব" (রায়, কলকাতা, এম সি সরকার এন্ড সন্স, ১৯৫৯:১২৭)। এই তত্ত্বটিকে ধারণ করতে প্রয়োজন মন্দিরের সেই সহস্রদল পদ্মের মাঝখানে অকল্পনীয়ভাবে বিশাল বিগ্রহের। লেখকের মতে সেটি যেন বলতে চায় মানুষ সাধনা করলে কত বড় হতে পারে আত্মায় এবং অন্তঃকরণে। বহু সহস্র ক্রোশ দূরে, লেখকের মতে এ যেন ভারতীয় ধারণারই পূর্ণ রূপায়ণ। বারবার লেখক দেশের দিকে ফিরে তাকান, কখনো আক্ষেপে, কখনো বা বিলুপ্ত ঐতিহ্যের গর্বে।

অন্যত্র পাওয়া যায় মন্দিরের প্রধান পুরোহিতের ঘরের দেওয়ালে টাঙানো লম্বা পটের বর্ণনা। তাতে চিনে লিপিতে লেখা "সান-যেন সেকাইনো হারু" অর্থাৎ তিন সহস্র জগৎ বসন্তময়। তোরিগোএ-সান তার ব্যাখ্যা করেন, "আমার মনে যখন বসন্ত আসবে তখন সারা বিশ্বে বসন্ত আসবে। আমার মন যখন পুষ্পিত হবে সারা বিশ্ব পুষ্পিত হবে"। তিনি একটা নক্সা আঁকেন - "উপরের স্তরে সহজ প্রবৃত্তি। মাঝখানে বুদ্ধি। তলার স্তরে গভীরতম মন। সেই হচ্ছে বসন্তকাল। বুদ্ধির স্তর ভেদ করে, সহজ প্রবৃত্তির স্তর ভেদ করে সেইখান থেকে উঠে আসবে পূর্ণ বিকশিত জীবন। চিরন্তন। শান্তিতে

অন্ধের সূর্যবন্দনা



ভরপুর। প্রেমে পরিপূর্ণ"। (রায় ১৯৫৯:১৪৩) শান্তির আমেজ ছড়িয়ে পড়ে ধীরে ধীরে।

বুদ্ধদেব বসুর **জাপানি জার্নাল** (১৯৬২)-ও কম পরিচিত নয়। জাপানের সঙ্গে ঠিক ততটা নিবিড় সম্পর্ক স্থাপন করবার সুযোগ বুদ্ধদেব বসুর হয়নি, কিন্তু তাঁর সংবেদনশীল দৃষ্টি খুব সহজেই পাঠককে জাপানি সংস্কৃতির দু-একটা মূল সূত্রের সন্ধান দিয়ে ঋদ্ধ করেছে। এক সুকিয়াকিতে নিমন্ত্রিত হয়ে তাঁর মনে হয়েছে যে ভোগের বিষয়ে জাপানিদের উৎসাহ যেমন মিতাচারও তেমনই, এবং এর মধ্যেই রয়েছে তাদের সৌন্দর্যবোধের মূলমন্ত্র "এদের আছে ইহলোকের প্রতি পরিপূর্ণ শ্রদ্ধা (যা আমাদের নেই), আর সেই সঙ্গে এক ব্যবহারিক অনিমাসিদ্ধি (যা ভারতীয়, পাশ্চাত্য বা এমনকি চৈনিক সভ্যতায় অভাবনীয়)। ভূষণের বিরলতার জন্যই এদের ঘর সুন্দর, এদের তানকা কবিতা ক্ষমাহীনভাবে একত্রিশ অক্ষরে সীমিত, এদের ছবিতে বস্তুর তুলনায় হিল্লোল বেশি, নো নাট্যের মেয়াদ আধঘণ্টা , আর এদের ভোজন স্বাদু, সুদৃশ্য, স্বাস্থ্যকর ও স্বল্পমাত্রিক। (বসু, কলকাতা, এম সি সরকার এন্ড সন্স, ১৯৬২:১৬)।

প্রকৃতির সঙ্গে জাপানির সম্পর্ক যে সহজ, ব্যাকুলতাহীন, স্থায়ী তা লেখকের মতে বিশুদ্ধ ও স্বজ্ঞাজাত আর তাই অনন্য। "রোমান্টিক আকুতির এটা ঠিক উল্টো পিঠ, কালিদাসের যক্ষের আর্তির অপর পারে।... দান্তে, শেক্সপীয়র, ব্লেক, গ্যেটে, বোদলেয়ার প্রভৃতি কবিদের তীব্রতায় ও ঐশ্বর্যে যখন ক্লান্তি আসে, বা তাঁদের পথে আর এগোবার উপায় থাকে না, তখন যেখানে অব্যর্থভাবে শুশ্রূষা ও সুপরামর্শ পাওয়া যায় তা এই পূর্বতম পৃথিবীর আবেগহীন, গতিহীন, এমনকি প্রায় আয়তনহীন কবিতা - এক-একটি স্থিরচিত্ররূপ যেন – যা প্রতীচীর পক্ষে, ও আমাদের পক্ষেও সম্পূর্ণ নতুন, সম্পূর্ণ বৈদেশিক ও অনাত্মীয়" (বসু ১৯৬২:৩৬)। 'অপর' হিসেবে চিহ্নিত হলেও জাপান যেন আধুনিক যুগেও শান্তির আশ্রয়স্থল। বলে নেওয়া ভাল যে 'অপর' বা ভিন্নতার পরিপ্রেক্ষিতে নির্মিত একটি সংস্কৃতির রূপে ধরা থাকে 'আত্ম'রও পরিচয়, তার আশা-আকাঙ্ক্ষার হদিস, আধুনিক বা ভবিষ্যতের কাঙ্ক্ষিত মূর্তি।

দিলীপকুমার রায়ের **দেশে দেশে চলি উড়ে** (১৯৫৪) সাধারণ পাঠকের কাছে ততটা পরিচিত হয়তো নয়, কিন্তু সেখানেও তাঁর বক্তব্য যে রূপকে যাঁরা সাধনীয় শিল্প বলে মনে করেন তাঁদের সব আগে জাপানে আসা চাই। এই প্রখ্যাত সঙ্গীতকার কিন্তু জাপানের সঙ্গীতশিল্পের রসগ্রহণ করতে পারেননি। তাঁকে সবচেয়ে আকর্ষণ করেছিল জাপানে ভদ্রতার কৌলীন্য। তার সামাজিক সদাচরণের মধ্যে তিনি দেখেছিলেন বিশেষ একটা আকুতি। "জাপান ভগবৎভক্তিকে আশ্রয় করতে পারেনি ভারতের মতন, অথচ পূজার অভীপ্সা থাকেই প্রতি মরমীর মর্মে উপ্ত। ... জাপানে এই ঐকান্তিক পূজাবৃত্তি ছাড়া পেয়েছে – খানিকটা অন্তত – তার সামাজিক সদাচারের মঞ্জরণে" (রায়, কলকাতা, আই এ পি সি, ১৯৫৪:৩২)। জাপানিদের এ সম্পর্কে কী মতামত হবে তা অবশ্য বলা যায় না!

আশুতোষ ভট্টাচার্যের **জাপানের আঙিনায়** (১৯৮১) নৃবিজ্ঞানের পরিপ্রেক্ষিতে চা পানের ঐতিহ্যের বিচার এবং নানাবিধ লোকসংস্কৃতির আধুনিক রূপায়ণের ইতিবৃত্ত। টোকিও শহরে এসে তিনি প্রাচ্যের চরৈবেতি মন্ত্রের অর্থ আবার খুঁজে পেলেন। কোন পিছুটান নেই, ফিরে তাকানো নেই। সৃষ্টি মানেই যে ধ্বংস সেই বোধ নিয়েই আনন্দ সহকারে নতুনের খোঁজে শহর ছুটে চলেছে যৌবনের উচ্ছ্বাসে।

উল্লেখ করতে ইচ্ছে করছে ভূপর্যটক রামনাথ বিশ্বাসের ভ্রমণকাহিনি **জুজুৎসু জাপান** (১৯৪৫)। রামনাথ কোবে, ওসাকা, নারা, ইয়োকোহামা ও টোকিও ভ্রমণ করছেন সামান্য খরচে, মিশছেন সাধারণ মানুষের সঙ্গে, অনেকসময় নিজের পরিচয় গোপন রেখে আর বৈভবে উজ্জ্বল ঝলমলে গিনজার পাশে তুলে ধরছেন দারিদ্র্য, হতাশায় জর্জরিত আরেক টোকিওর অধিবাসীদের। সাদায় কালোয় মেশানো, অন্য বয়ানে অন্য চরিত্রের ভ্রমণকাহিনি।

মিথ পেরিয়ে, চিরাচরিত কথাবার্তা, চিন্তার বেড়া ডিঙিয়ে ভ্রমণকাহিনি যে হঠাৎ আলোর ঝলকানি এনে দেয় তা গুরুত্বপূর্ণ, তবে এই কাহিনিগুলোতে দুই দেশের সাধারণ মানুষের মধ্যে যে অসংখ্য লেনদেন আর পারস্পরিক সম্পর্কের গল্প থাকে তা কিছু কম গুরুত্বপূর্ণ নয়। হরিপ্রভা তাকেদার রচনা আমরা অনেকটাই মনে রাখি শুধুমাত্র বঙ্গনারীর লেখা প্রথম এশিয়ায় ভ্রমণকাহিনী রূপেই নয় কিন্তু সেখানে ছোটোখাটো ঘরোয়া খুঁটিনাটির উপস্থাপনার আর মানুষের সঙ্গে মানুষের সহজ ভালবাসার সূত্র ধরে। তিনি বিদায়কালে বলেন "বিদেশে এমন সরলস্বভাবা স্নেহপরায়ণা শ্বশ্রূঠাকুরাণীর মা'র মত যত্ন ভালবাসা পাইয়া ইঁহার সহিত বাস করিতে ইচ্ছে হয়, কিন্তু সে সম্ভাবনা কোথায়?" (**বঙ্গমহিলার জাপানযাত্রা**, দিল্লী, আই এম এইচ, ২০০৭:১০০) রচনাটি জুড়ে ভালবাসার এই লেনদেনের সম্পর্ক প্রসারিত হয়েছে। মনে রাখতে হবে দুই মহিলার কেউই কারুর ভাষা জানতেন না।আবার গৃহকোণের বাইরে মৈত্রেয়ী দেবীর **চীনে ও জাপানে** (১৯৮০) নজর কাড়ে চিনা ও জাপানি মানুষের অতীত ভুলে নিরন্তর মৈত্রী স্থাপনের চেষ্টা।

অনেকক্ষেত্রেই নতুন সংস্কৃতির মুখোমুখি হয়ে নতুন করে বোঝার যে অন্তর্দৃষ্টি প্রকট হয় তারই বিপরীতে আবার ভুল বোঝাবুঝির নজিরও চোখে পড়ে। 'অপর'-কে কেন্দ্র করে স্বপ্ন গড়ে আর স্বপ্ন ভাঙে। আর এই প্রক্রিয়ার মধ্যেই লুকিয়ে থাকে দুটি সংস্কৃতির যোগাযোগের নিবিড় সম্ভাবনাময় ভবিষ্যৎ। ■

অন্ধের সূর্যবন্দনা

বিশ্বকবির জাপানযাত্রার শতবর্ষে শ্রদ্ধাঞ্জলি

- ভাস্বতী ঘোষ (সেনগুপ্ত)

কবিগুরুর "জাপানযাত্রী" বই যারা পড়েছেন বা শুনেছেন, তাঁরা সকলেই তাঁর লেখার সমস্ত বিবরণ, উপলব্ধি ও অভিজ্ঞতার মধ্য দিয়ে জাপান ও ঐ সময়ের ছবির সঙ্গে পরিচিত। কবিগুরুর ঐ যাত্রার সঙ্গী ছিলেন সি.এফ.এন্ড্রুজ, উইলি পিয়ার্সন ও শ্রী মুকুলচন্দ্র দে। কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের লেখার বেশ কিছু অংশকে উদ্ধৃত করে আমি 'জাপান যাত্রীকে ফিরে দেখা' লিখেছিলাম ২০০৭ এর অঞ্জলিতে। ঐ জাপানযাত্রাকে এবারে দেখা যাক তাঁর সহযাত্রী শ্রী মুকুলচন্দ্র দে'র লেখার মধ্যে দিয়ে।

পিতা শ্রী কুলচন্দ্র দে'কে মুকুলচন্দ্র লিখছেন,

.

কোবে

৩০. ৫. ১৯১৬

ওঁ

শ্রীচরণেষু,

কাল বিকেলে আমরা সকলে ভালয় ভালয় এখানে এসে পৌঁছলুম। কাল জাহাজ থেকে আরম্ভ করে বাড়ি পর্যন্ত গুরুদেবের ওপর কাগজওয়ালাদের একটা প্রকাণ্ড ঝড় বয়ে গেছে। এ'রকম কাণ্ড কোথাও দেখিনি। এখনও চলছে। কাল গুরুদেবকে এখানকার বাঙ্গালীরা ও এখানকার অধিবাসীরা reception দেবে। এখানে আমাদের খুব ভাল লাগছে। এখানকার বিখ্যাত বড় চিত্রকর টাইকান ও কাট্‌সুটা চিত্রকরের সঙ্গে গুরুদেব আমায় আলাপ করিয়ে দিয়েছেন। আমি Tokyo-তে তাঁর কাছে থাকবো ও তাঁর schoolএ ছবি আঁকা শিখবো। এখানকার কাগজে আমাদের নাম রটে গেছে। জাপানী লেখা বুঝতে পারবেন না তাই পাঠালুম না। আমার সঙ্গে দেখা করতেও সকলে এসেছিল।

আমরা পরশু ওসাকা যাবো। তারপরে টোকিও যাবো। কতদিন থাকবো জানিনা। যে কয়দিন থাকি খুব ভাল করে brush workটা শিখে নেব। এখানে জাপানী মেয়ে দাসীরা বাড়ির এমন সব আশ্চর্য্য কাজ করে তা আর কি বলবো। এরা এমন স্বাধীন যে তা বলবার নয়। "সবুজ পত্র"টা নিশ্চয় নেবেন। তা'তে গুরুদেবের সব লেখা বের হচ্ছে। এখানে আমরা ভারতবর্ষীয় একজন বণিকের বাড়িতে আছি। আহার, আরামের কোনও ত্রুটি হচ্ছে না। বাঙ্গালী ৫/৬ জন এখানে আছেন। তাঁরাই আমাদের ভার নিয়েছেন। গুরুদেবের সঙ্গে রাজার হালে আছি।

জাপানীরা সকলেই গুরুদেবকে নিজের নিজের বাড়িতে নিয়ে রাখবার জন্য টানাটানি করছে। জাপানে এখন হুটোপুটি পড়ে গেছে গুরুদেবকে নিয়ে। এরা যে কি করবে তা বুঝে উঠতে পারছে না।

জাপানে কোনও ফুলে গন্ধ নেই। জাপানে ছেলেমেয়েরা কখনো ঝগড়া বা মারামারি করে না। এটা খুব আশ্চর্য্য। এদের পরিষ্কার পরিচ্ছন্নতার ওপর খুব একটা ঝোঁক। আজ এখনই বেরুবো। মোটরে করে বেড়াতে। তাই তাড়াতাড়ি করে কাজ সেরে নিচ্ছি। আমরা সকলে ভাল আছি। আমাদের জন্য চিন্তা করবেন না। এখানে সকলেরই এমন একটা রুচি আছে, যেটা এখানে সব যায়গায় সব জিনিষেই দেখতে পাওয়া যায়।

সেবক মুকুল

দ্বিতীয় চিঠি মাকে লিখছেন য়োকোহামা থেকে ১৯১৬ সালের ৪ঠা জুলাই। এই চিঠিটির সাথে কবিগুরুর 'জাপান যাত্রী' থেকে পৃষ্ঠা ৭২, ৭৩এর কিছু অংশ উদ্ধৃত করছি। জাপানের একটি বিশেষ চিত্রকে দুজনেই তুলে ধরেছেন ----

"গুরুদেব আমাদের রোজ খাবার টেবিলে অনেক ভাল ভাল কথা বলে থাকেন। ওঁর কাছে যদি আমি আর কিছুকাল থাকতে পারি তবে সত্যিকার মানুষ হয়ে যাবো। ওঁকে তো আমি এতদিন জানতুম না --- আর জানবার বয়স তো তখন হয়নি। কাজেই আমার তাতে দোষ নেই। এখন জানবার সময় হয়েছে, এখন বেশ বুঝতে পারছি ও জানছি। মোটের উপর এ আমার যে কতো সৌভাগ্য – তা আমি কি বলবো। কত বড় বড় লোক ওঁর কাছে ঘেঁষতে সাহস পায়না --- (আর) আমি সব সময়েই ওঁর কাছে আছি। এ আমার একটা গৌরব।

জাপানের কথা তুমি সব জানতে চেয়েছো। তোমায় কি করে বোঝাবো যে জিনিষটা কি ! বড় আশ্চর্য্য এ দেশ। না দেখলে এ কেউ বুঝতে পারবে না। জাপানে কেউ, কোনও মানুষ ঝগড়া করে না। কারো সঙ্গে মনের গোলমাল হলে, মুখ থেকে একটি কথাও বের করে না। চিৎকার করে, গালাগালি করে, বচসা করা এ এরা কল্পনাতেও আনতে পারে না। কেউ একটা ভারি অন্যায় কাজ করলো, তার উপর ভারি রাগ হলো --- বড়জোর কেবল আস্তে "বাখা" বল্লে। "বাখা" মানে বোকা। এর উপর বড় গাল জাপান দেশে নেই। এ জিনিষটা যে কেবল শহরে তা নয়। এ জাপানের সব যায়গায় পাড়াগাঁয়ে পর্য্যন্ত। এখানকার ছোট ছেলেমেয়েরা পর্য্যন্ত ঝগড়া করে না। খেলাধুলার পর যখন ছেলেমেয়েরা যে যার বাড়ি যায় তখন প্রত্যেক প্রত্যেককে বিদায় নমস্কার না করে যায় না। বিদায় নমস্কারকে এরা বলে "সায়োনারা"। সব সময়েই কোথা থেকে কোথাও যাবার সময়ে "সায়োনারা" বলে তবে যায়। ভারি চমৎকার এ জাত। মেয়েরা এখানকার স্বাধীন। তারা বেরতে পারে। কোথাও একলা যেতে পারে। যা তাদের ইচ্ছে (তারা তা'ই) করতে পারে। মেয়েরা আশ্চর্য্য রকমের খাটতে পারে। সকালবেলা বাড়ির দাস-দাসীদের সঙ্গে বাড়ির প্রভুর কি প্রভু-পত্নীর প্রথম দেখা হলেই সকলে সকলকে নমস্কার করে। বাড়ির দাস-দাসীকেও যেরকম, আপনার নিজের লোককেও এরা সেরকম চোখে দেখে। তার টাকা কম, কি আর বেশী। জাতিভেদ এদের নেই। সকলেই সমান মানুষ। যে ময়লা সাফ্ করে, তাকে ঘৃণা --- কি তাকে ছুঁলে যে চান করতে হবে এসব এদের ভিতর নেই। সে হয়তো গরীব। কি পেটের দায়ে খাটো কাজ করছে, কিন্তু তাতে আসে যায় কি? তারও তো মানুষের মন! মন তো আর ছোট নয়। কাজেই এরা ঠিক সকলকেই মানুষ হিসাবে সমান দেখে। এ জিনিষটা বড় ভাল। আমাদের দেশে কবে এটা হবে তাই ভাবছি। আমি একটু একটু করে জাপানী কথা শিখছি। এরা বলে আমি এ বিষয়ে ভারি চালাক। খুব শীঘ্র শিখতে পারবো। এরা ভাজা পোড়া জিনিষ ততো বেশী খায় না। সিদ্ধ জিনিষই ভালবাসে এখানে আমাদের দেশের মতো কোন মসলা নেই। কেবল জলে সিদ্ধ। প্রথম প্রথম আমার বড় একটা কাঁচা গন্ধে খারাপ লাগতো, এখন অভ্যেস হয়ে এসেছে বলে খুব ভালো লাগে। এদের খাওয়া খুব সহজেই হজম হয়। ঘি, দুধ এরা খায় না। ছোট বাচ্চারা কেবল দুধ খায়। দুধ থেকে ছানা দই প্রভৃতি করতে এরা মোটেই জানে না। ছানা কি করে কাটাতে হয় আমায় লিখে জানিও। আমি এদের একটা



কিছু করে খাওয়াবো। কাঁচা মাছ এরা খায়। কাঁচা মাছ বেশ নরম কিন্তু। খেতে বেশ লাগে। তবে কাঁচা মাছ খাচ্ছি মনে করলে গা'টা কেমন করে। মূলো, শশা, আদা, বেগুন এখানে খুব পাওয়া যায়। এরা এসব জিনিষ প্রায় কাঁচাই খায়। আমাদের দেশের খাওয়ার মতো মোটেই নয়। ভাত এদের প্রধান খাদ্য। ভাত'কে বলে "গোহান্", মাছকে বলে "সাকানা", জলকে বলে "মীজু" ইত্যাদি অনেক রকম কথা এদের আমি শিখেছি। দুটো চারটে আবশ্যকীয় কথা দাস-দাসীকে বলে বোঝাতে পারি। এরা হাত দিয়ে খায় না। বাঁ হাতে বাটিতে করে খাবার নেয়, ডান হাতে দুটো কাঠি নিয়ে ঐ বাটি থেকে খাবার তুলে তুলে খায়। এরা মিষ্টি জিনিষ মোটেই ভালবাসে না। রসগোল্লা, সন্দেশ এসব এদেশে নেই। একরকম চালের গুঁড়ো দিয়ে মিষ্টি তৈরী করে। তা আমার ততো ভাল লাগে না। তবে বিলিতি রকমের কেক ইত্যাদি অনেক রকম এখানে পাওয়া যায়। কলা, আপেল, চেরী, পীচ এই সব ফল এখানে পাওয়া যায়। আম প্রভৃতি ফল এবং পটল ইত্যাদি (সব্জি) এখানে পাওয়া যায় না। কপি পাওয়া যায়। জুতো নিয়ে এরা কখনও ঘরে ঢোকে না। জুতো বাইরের দরজার কাছে থাকে। ঘরের ভিতরে আগাগোড়া মাদুরের মতো গদি পাতা। কাঠের বাড়ি। দেওয়াল কাগজের। খুব সাবধানে সতর্কভাবে সব সময় থাকতে হয়। মোট কথা, এখানকার সব জিনিষই যেন ছবি। সবই ভারি চমৎকার। এখানকার মেয়েরা আমাদের দেশের মেয়েদের মতো সুন্দর দেখতে নয় বটে, কিন্তু রং এতো সাফ্ যে বিলিতি মেমদের থেকেও রং ভাল। কালো মানুষ এখানে নেই। সকলেই ধপ্‌ধপে সাদাটে লাল। এদেশের মেয়েরা বড় সুন্দর --- সুন্দর মানে এদের মন বড় সুন্দর। কথায় কথায় হাসি। রাগ করা বা দুঃখ করা এরা বোধহয় কস্মিন কালেও জানে না"।

(জাপান যাত্রী)

"জাপানে শহরের চেহারায় জাপানিত্ব বিশেষ নেই, মানুষের সাজসজ্জা থেকেও জাপান ক্রমশ বিদায় নিচ্ছে। অর্থাৎ, জাপান ঘরের পোশাক ছেড়ে আপিসের পোষাক ধরেছে। আজকাল পৃথিবীজোড়া একটা আপিস-রাজ্য বিস্তীর্ণ হয়েছে, সেটা কোনো বিশেষ দেশ নয়। যেহেতু আপিসের সৃষ্টি আধুনিক য়ুরোপ থেকে, সেইজন্য এর বেশ আধুনিক য়ুরোপের। কিন্তু, প্রকৃতপক্ষে এই বেশে মানুষের বা দেশের পরিচয় দেয় না, আপিস –রাজ্যের পরিচয় দেয়। আমাদের দেশেও ডাক্তার বলছে, 'আমার ওই হ্যাটকোটের দরকার আছে'। আইনজীবীও তাই বলছে। বণিকও তাই বলছে। এমনি করেই দরকার জিনিসটা বেড়ে চলতে চলতে সমস্ত পৃথিবীকে কুৎসিত ভাবে একাকার করে দিচ্ছে।

এইজন্যে জাপানের শহরের রাস্তায় বেরোলেই প্রধানভাবে চোখে পড়ে জাপানের মেয়েরা। তখন বুঝতে পারি, এরাই জাপানের ঘর, জাপানের দেশ। এরা আপিসের নয়। কারও কারও কাছে শুনতে পাই, জাপানের মেয়েরা এখানকার পুরুষের কাছ থেকে সম্মান পায় না। সে কথা সত্য কি মিথ্যা জানি নে; কিন্তু একটা সম্মান আছে সেটা বাইরে থেকে দেওয়া নয়, সেটা নিজের ভিতরকার। এখানকার মেয়েরাই জাপানের বেশে জাপানের সম্মানরক্ষার ভার নিয়েছে। ওরা দরকারকেই সকলের চেয়ে বড়ো করে খাতির করে নি, সেই জন্যেই ওরা নয়নমনের আনন্দ।



একটা জিনিস এখানে পথে ঘাটে চোখে পড়ে। রাস্তায় লোকের ভিড় আছে, কিন্তু গোলমাল একেবারে নেই। এরা যেন চেঁচাতে জানেনা; লোকে বলে জাপানের ছেলেরা সুদ্ধ কাঁদে না। আমি এপর্যন্ত একটি ছেলেকেও কাঁদতে দেখিনি। পথে মোটরে করে যাবার সময়ে মাঝে মাঝে যেখানে ঠেলাগাড়ি প্রভৃতি বাধা এসে পড়ে সেখানে মোটরের চালক শান্তভাবে অপেক্ষা করে, গাল দেয় না, হাঁকাহাঁকি করে না। পথের মধ্যে হঠাৎ একটা বাইসিক্‌ল্ মোটরের উপরে এসে পড়বার উপক্রম করলে আমাদের দেশের চালক এ অবস্থায় বাইসিক্‌ল্ -আরোহীকে অনাবশ্যক গাল না দিয়ে থাকতে পারত না। এ লোকটা ভ্রূক্ষেপমাত্র করলে না। এখানকার বাঙালিদের কাছে শুনতে পেলুম যে, রাস্তায় দুই বাইসিক্‌ল্এ কিম্বা গাড়ির সঙ্গে বাইসিক্‌ল্'এর ঠোকাঠুকি হয়ে যখন রক্তপাত হয়ে যায়, তখনও উভয় পক্ষ চেঁচামেচি গালমন্দ না করে গায়ের ধুলো ঝেড়ে চলে যায়।

আমার কাছে মনে হয়, এইটেই জাপানের শক্তির মূল কারণ। জাপানি বাজে চেঁচামেচি ঝগড়াঝাঁটি করে নিজের বলক্ষয় করে না। প্রাণশক্তির বাজে খরচ নেই ব'লে প্রয়োজনের সময় টানাটানি পড়ে না। শরীর-মনের এই শান্তি ও সহিষ্ণুতা ওদের স্বজাতীয় সাধনার একটা অঙ্গ। শোকে দুঃখে, আঘাতে উত্তেজনায় ওরা নিজেকে সংযত করতে জানে। সেইজন্য বিদেশের লোকেরা প্রায় বলে, জাপানিকে বোঝা যায় না, ওরা অত্যন্ত বেশি গূঢ়।" ■

কৃতজ্ঞতা স্বীকার ---

জাপানযাত্রী – কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর

জাপান থেকে জোড়াসাঁকো --- শ্রী মুকুল চন্দ্র দে। সম্পাদনা ---শ্রী সত্যশ্রী উকীল। এই বইটির জন্য আমি শ্রী সত্যশ্রী উকীলের (বাবলা দা) কাছে ঋণী। অক্লান্ত পরিশ্রম ও অধ্যাবসায় সহযোগে এই বইটি সম্পাদনা না করলে আমার পক্ষে এই প্রবন্ধ লেখা সম্ভব হোত না। তাছাড়া রবীন্দ্রনাথের সহযাত্রী হিসেবে শ্রী মুকুলচন্দ্র দে'র যাবতীয় চিঠিপত্র ও তথ্যমূলক কাগজ সংরক্ষণ করেছেন শ্রীসত্যশ্রী। সেগুলিকে নিয়ে যথাযথভাবে বইয়ের সম্পাদনা করেছেন। ভবিষ্যতে যারাই এই জাপানযাত্রা সম্বন্ধে আগ্রহী হবে সকলেরই জন্য এ এক বিরাট সম্পদ। শ্রী সত্যশ্রী'কে আমি আমার আন্তরিক শ্রদ্ধা ও প্রণাম জানাই।

যা দিয়েছ আমার এ প্রাণ ভরি...

- শুভা কোকুবো চক্রবর্তী

সময়টা ২০০৫-এর মে'মাসের মাঝামাঝি।

সেবছর জাপানে অনুষ্ঠিত হয় "World Expo"। মার্চ মাসে শুরু হয়, চলে সেপ্টেম্বর মাস অবধি। পৃথিবীর সব দেশের প্যাভিলিয়ন ছিল এখানে। কোন্ দেশ তার প্যাভিলিয়নকে কতটা সাজাতে পারে তাও একটা প্রতিযোগিতার মত ছিল এখানে। আর সত্যিই, যে দেশের প্যাভিলিয়ন যত সুন্দর সেখানেই ভীড় সক্কাল থেকে। কোনো কোনো প্যাভিলিয়ন দেখতে লাইন দিয়ে দাঁড়াতে হয়েছে ৮থেকে ৯ঘন্টা। তবু বাচ্চা থেকে বয়স্ক, সবাই অপেক্ষা করেছে লাইন দিয়ে দাঁড়িয়ে। "নিজের দেশে বসে এতগুলো দেশের সংস্কৃতিকে জানতে পারছি, এতো আর রোজ রোজ পাবোনা, একটু না হয় অপেক্ষা করতেই হোল"- এই মনোভাব নিয়ে শ'য়ে শ'য়ে মানুষ লাইন দিয়ে অপেক্ষা করে উপভোগ করেছেন দেশের এবং বিদেশের প্যাভিলিয়ন।

ভারতীয় প্যাভিলিয়নের থিম ছিল "Under the bodhi tree"। এখানেও সকাল থেকে ভীড় দেখেছি, যতবার গেছি। ঢুকতেই চন্দনের গন্ধ। ঠান্ডা একটা পরিবেশ। স্পীকারে কখনো বাঁশী, কখনো সানাই, কখনও সেতার হাল্কা ভল্যুমে। বোধিবৃক্ষের যে গুঁড়ি করা হয়েছিল,ওখানে দেখেছি ঘুরে ঘুরে ক্লান্ত অতিথিদের চোখ বুজে দু'দন্ড জিরিয়ে নিতে। যেন শান্তির নীড়।

ভারতীয় প্যাভিলিয়নে এই ছ'মাস ধরে বিভিন্ন অনুষ্ঠানের ব্যবস্থা ছিল। প্যাভিলিয়নের দোতলায় একটা ছোট মঞ্চ করা হয়েছিল। নাচ, গান, বাজনা, আলোচনা চলেছে রোজ রোজ আর এই মঞ্চের চারধারে শুধু দোকান, দোকান আর দোকান। হঠাৎ করে গিয়ে পড়লে ঠিক মনে হবে যেন দিল্লীর পালিকা বাজারে এসেছি। আমার বাড়ি থেকে মাত্র ১৫/২০মিনিটের দূরত্বে হয়েছিল এই Expo। তাই এই ৬মাসে নিজের অনুষ্ঠানের দিনটা যোগ করলে প্রায় ৮বার যাবার সুযোগ হয়েছিল। সুন্দর খোলামেলা পরিবেশ। সকাল ১০টা থেকে রাত ৯টা অবধি থেকেও সবকিছু দেখা শেষ হয়না কখনই।

এই Expoতে অনুষ্ঠান করতে ভারতের বিভিন্ন প্রান্ত থেকে বিভিন্ন শিল্পীরা এসেছিলেন। Expo ছাড়াও অন্যান্য জায়গায় বেশ কিছু অনুষ্ঠান করে ভারতে ফিরেছেন। নাগোয়া ইন্টারন্যাশনাল সেন্টারে পর পর অনুষ্ঠান লেগেই ছিল এই ৬মাস বিভিন্ন দেশের বিভিন্ন শিল্পীর।

হিমাচলপ্রদেশ থেকে একটা লোকনৃত্যের দল এসেছিল। সেদিন নাগোয়াতে অনুষ্ঠান। টয়োটা থেকে ট্রেনে চড়েছি, একঘন্টায় পৌঁছে যাব নাগোয়াতে। আমার পরনে তাঁতের শাড়ী। এদেশের লোকেরা বিদেশী দেখলেই কেমন যেন একটা ব্যাক্‌গিয়ার দিয়ে থাকেন। ভাষা সমস্যার ভয়টাই সবচেয়ে বেশী। একমুখ মৃদুহাসি নিয়ে এক ভদ্রলোক আমার ঠিক উল্টোদিকের সীটে বসে। কথা বলার ইচ্ছে প্রবল থাকলেও নিজে থেকে এসে কিছু বলতে পারছেন না। কারণ...ভাষা...আমি যদি জাপানী ভাষা না বুঝতে পারি বা আমি যদি হঠাৎ করে ইংরিজী বলতে শুরু করি...ইত্যাদি ইত্যাদি। এরমধ্যে নাগোয়া পৌঁছে যাই। স্টেশন থেকে বেরোবার মুখে হাতের মোবাইলটা বাজে। কানে নিয়ে বলি "মুশি মুশি"। এক ছাত্রীর ফোন... ওরা কয়েকজন পৌঁছে গেছে হল'এ। কোথায় অপেক্ষা করছে সেটা জানাতেই এই ফোন।ধন্যবাদ জানিয়ে ফোন বন্ধ করে হাঁটতে থাকি। জাপানী ভাষা শুনে সেই ভদ্রলোক পেছন থেকে আমার পাশে চলতে চলতে জিজ্ঞাসা করেন "ইন্দো কারা দেসুকা?" (তুমি কি ভারতীয়?)। পাশাপাশি হাঁটতে থাকি কথা বলতে বলতে। উনিও ওই অনুষ্ঠান দেখতেই যাচ্ছেন। হল'এ পৌঁছে, যে যার আসন নিই। শুরু হয় অনুষ্ঠান। অনুষ্ঠান শেষে সেই ভদ্রলোক আবার আমার সঙ্গে দেখা করতে আসেন। গিয়ে বসি একটা কফিশপে। ভিসিটিংকার্ড বিনিময়ের মাধ্যমে আলাপ শুরু হয়। Mr. Tanaka। কথায় কথায় জানতে পারি, ওনাদের একটা প্রাইভেট সংস্থা আছে। এরা সবাই রবীন্দ্রনাথের অনুরাগী। বেশ অবাক হই। আনন্দে গায়ে কাঁটা দেয়। যে ভদ্রলোক এই সংস্থার সূচনা করেছেন (Mr Jiro Zaemon Ito), তিনি আর নেই। কিন্তু সংস্থা চলছে, থেমে নেই। আমার কৌতূহল বাড়তেই থাকে। কিন্তু সময় বেশি না থাকাতে, ফিরে আসতে বাধ্য হই সেদিন।

ঠিক একসপ্তাহের মাথায় সদর দরজায় বেলের আওয়াজে দরজা খুলি। হাতে পাই একটা পার্শেল। প্রেরকের জায়গায় দেখি Mr. Tanakaর নাম। একটু অবাক হয়ে তাড়াতাড়ি খুলে ফেলি প্যাকেটটা। একটা VHS ক্যাসেট আর একটা চিঠি। চিঠিটা এক নি:শ্বাসে পড়েই ক্যাসেটটা দিই প্লেয়ারে। টিভির সুইচ্ অন করি। নিজের চোখকে কিছুতেই বিশ্বাস করতে পারিনা প্রথমে। বিশ্বকবিকে পেয়ে যাই আমার ঠিক পাশে। দেখতে দেখতে চোখ ভরে ওঠে জলে।

১৯৩৮ সালের গরমে Mr. Jiro Zaemon Ito সস্ত্রীক শান্তিনিকেতনে যান। Mrs. Ito জাপানের tea-ceremonyর যাবতীয় সরঞ্জাম নিয়ে গিয়ে চা বানিয়ে উপহার দেন কবিকে। খোলাবারান্দায় সাদা জোব্বা (সাদাকালো ভিডিওতে সাদা বলেই ভাবি) পরে জাপানি চা খেতে খেতে Mr. Itoর সঙ্গে কথা বলছেন.....তারপর চা-পান শেষ হলে জাপানী অতিথিদের জন্য নৃত্য প্রদর্শনের ব্যবস্থা করেছিলেন কবিগুরু। এস্রাজের সঙ্গে নৃত্য প্রদর্শিত হয়েছিল সেদিন। এই পুরো ভিডিওটাই শব্দছাড়া। নাচ দেখতে দেখতে মনে মনে ভাবি কি গানটা হতে পারে! বিদেশী অতিথি বলে হয়ত "... ভুবনমন্দিরে শান্তি সঙ্গীত বাজে... ধ্বনিল রে", আবার ভাবি বাইরের মাটিফাঁটা গরমের কথা ভেবে "...বক্ষজুড়ে...চক্ষে আমার তৃষ্ণা"... উত্তেজনায় হাত-পা কাঁপতে থাকে আমার। দৌড়ে গিয়ে ধন্যবাদ জানাতে ফোন করি সেই ভদ্রলোককে।

পরবর্তীকালে অনেকবার যাবার সৌভাগ্য হয়েছে ওনাদের সেই সংস্থায়। ১৯৩৮ সালে শান্তিনিকেতন থেকে ফিরে Mr. Ito জাপানের নাগোয়া শহরে একটা বাড়ি তৈরী করেন। নাম দেন Yokisou। বিখ্যাত চৈনিক কবি তোএংমের একটা কবিতা থেকে Yoki শব্দটা নেওয়া হয়। "yoki" অর্থাৎ ঝলমলে "sou" বাড়ি। "Yokisou" ঝলমলে বাড়ি। যতবার yokisou দেখেছি বা ঢুকেছি ওই বাড়ির ভেতর ততবারই মনে হয়েছে উদয়নের সঙ্গে অনেক মিল এই বাড়ির। সেখানেই এই সংস্থা। বাড়ির ভেতরে একটা ছোট্ট মঞ্চ রয়েছে। সেখানে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান হয়। বাইরে বিরাট বাগান। বসন্তে বা শরতে সেখানেও অনুষ্ঠান হয়। একবার পার্বতীবাউল এসেছিলেন, বাউলগান শোনার সৌভাগ্য হয়েছিল ওখানে।আমার সেদিন দর্শকের আসনে বসে গান শোনার কথা। কিন্তু পার্বতীর অনুরোধে ওর গানে নাচ করতে বাধ্য হই। "খাঁচার ভিতর অচীন পাখী...", "গ্রাম ছাড়া ওই রাঙা মাটির পথ..." পরপর। সুরের ছটায় yokisou (আমার মনে গড়া উদয়ন) গম্‌গম্ করে , প্রাণ ফিরে পাবার মত।

কোথায় বসে কি পাচ্ছি...ভাবাও কি যায়!!! নিজের ভাগ্যকে ধন্যবাদ না জানিয়ে পারিনা! মনে মনে আওড়াতে থাকি,

"যা দিয়েছ আমার এ প্রাণ ভরি

খেদ রবে না এখন যদি মরি।" ■

রবীন্দ্রনাথের জীবদ্দশার কয়েকটি জন্মদিন পালনের ইতিবৃত্ত

- শ্রীকান্ত চট্টোপাধ্যায়

একজন মানুষের প্রতিভা, প্রচেষ্টা এবং সচেতন-স্বাজাত্যবোধ সমগ্র একটি জাতির জীবনকে কত গভীরভাবে এবং বহুমাত্রায় যে প্রভাবান্বিত করতে পারে রবীন্দ্রনাথ ঠাকুর ও বাঙ্গালী জাতির সম্পর্ক তার একটি প্রকৃষ্ট, যদিও বিরল, উদাহরণ। সেই সম্পর্কের কারণেই কবির তিরোধাণের সাত দশকের বেশী সময় পরেও সংস্কৃতি-সচেতন বাংলাভাষাভাষী মানুষ পৃথিবীর বিভিন্ন জায়গায় রবীন্দ্র জন্মজয়ন্তী পালনের মাধ্যমে কবির বহুধা-বিস্তৃত প্রতিভা এবং জাতির জীবনে তার প্রভাব চর্চা করে থাকে। কিন্তু কবির জীবদ্দশায় তাঁর জন্মদিনগুলি কেমনভাবে পালিত হত? এই কৌতূহলই এই প্রবন্ধের উৎস এবং বিভিন্ন জায়গায় ছড়িয়ে-ছিটিয়ে থাকা উপকরণ নিয়ে এর সঙ্কলন। স্বভাবতই প্রতিটি জন্মদিনের স্মৃতি যে সযত্নে রক্ষিত হয়েছে তা নয়, এবং সব ক'টি যে বিশেষ অনুষ্ঠানের মাধ্যমে পালিত হয়েছিল এমনও হয়ত নয়। তাই কবির জন্মদিনের ধারাবাহিক ইতিহাস রচনা করা এই প্রবন্ধের উদ্দেশ্য নয়। স্বদেশে পালন-করা উল্লেখযোগ্য কয়েকটি জন্মদিনের সংক্ষিপ্ত আলোচনাই এই প্রবন্ধটির লক্ষ্য। অনেক জন্মদিন কবি দেশের বাইরে কাটিয়েছেন এবং বিদেশী বন্ধুরা তা বিভিন্নভাবে পালনও করেছেন। স্বল্পপরিসরের এই প্রবন্ধে সেগুলি বাদ দেওয়া হল।

১৮৬১'র ৭ই মে থেকে ১৯৪১ এর ৭ই আগষ্ট পর্য্যন্ত ৮০ বছরের দীর্ঘজীবনে কবির জন্মদিন দেশে-বিদেশে বিভিন্ন সময়ে উদ্‌যাপিত হয়েছে। তবে বৈষয়িক সাচ্ছল্য ও সামাজিক আভিজাত্য সত্ত্বেও কিন্তু জোড়াসাঁকোর ঠাকুর পরিবারে ইউরোপীয় কায়দায় জন্মদিনের বিশেষ অনুষ্ঠানের রেওয়াজ ছিল এমন নজির পাওয়া যায় না। কবির পিতামহ প্রিন্স দ্বারকানাথ সৌখিন এবং বিলাসী মানুষ ছিলেন, কিন্তু নিজের ঘরে দেশীয় আদবকায়দাই মেনে চলা হত। আর পিতা মহর্ষি দেবেন্দ্রনাথ ভোগ-বিলাসিতার ঊর্ধে ছিলেন, তাই তাঁর আমলে আহার- বিহার, পোশাক-পরিচ্ছদে তাঁর ছেলে-মেয়েরা সাধারণ মধ্যবিত্ত পরিবারের থেকে স্বতন্ত্র ছিল না, এ কথা রবীন্দ্রনাথ নিজেই লিখেছেন। রবীন্দ্রনাথের মেজদাদা সত্যেন্দ্রনাথ ১৮৬২ থেকে ১৮৬৪ পর্য্যন্ত ইংল্যান্ডে থেকে প্রথম ভারতীয় আই-সি-এস হিসেবে দেশে ফেরেন। এই উচ্চপদের অধিকারী হিসেবে সত্যেন্দ্রনাথের বিশেষ সামাজিক প্রতিষ্ঠা ছিল। তিনি নিজে এবং তাঁর স্ত্রী জ্ঞানদানন্দিনী অভিজাত ইংরেজসমাজেও নিয়মিত মেলামেশা করতেন। তাঁদের প্রভাবে হয়ত কিছুকিছু ইউরোপীয় আদব-কায়দা তাঁর নিজের সংসারে এবং বৃহত্তর ঠাকুরপরিবারে আসতে শুরু করে। সত্যেন্দ্রনাথ তাঁর কর্মজীবনে স্ত্রী-পুত্র-কন্যা সহ ভারতের বিভিন্ন জায়গায় বসবাস করেছেন এবং তাঁর অতিথিহিসেবে রবীন্দ্রনাথ এবং অন্যান্য আত্মীয়স্বজন তাঁর পরিবারে সময় কাটিয়েছেন। রবীন্দ্রনাথের নানা লেখায় এই গুলি সম্পর্কে জানা যায়। কিন্তু কলকাতায় বা অন্য কোন বাসস্থানে কারুর জন্মদিন পালনের খবর বিশেষ পাওয়া যায় না। তাই মনে হয় যে কবির জীবনের প্রথমার্ধে ঘটা করে নিয়মিত জন্মদিন পালন খুব একটা করা হত না।

পারিবারিক বলয়ে রবীন্দ্রনাথের সর্বপ্রথম জন্মদিন পালনের কথা জানা যায় তাঁর ভাগ্নী (দিদি স্বর্ণকুমারী দেবীর কন্যা) সরলা দেবীর (১৮৭২-১৯৪৫) আত্মকাহিনী-মূলক বই 'জীবনের ঝরাপাতা' থেকে। এটা ঘটে ১৮৮৭ সালে, কবির বয়স তখন ২৬ পেরিয়ে ২৭ হতে যাচ্ছে। সরলা দেবী জানাচ্ছেন যে তিনি রবিমামাকে উপহার দেবার জন্য নিজহাতে বকুলফুলের মালা গাঁথেন এবং বাজার থেকে বেলফুলের মালা ও অন্যান্য ফুল সংগ্রহ করেন। কবি সেদিন তাঁদের পার্ক স্ট্রীটের বাসস্থানে ছিলেন। সরলা দেবী সেখানে গিয়ে কবির ঘুম ভাঙ্গিয়ে জন্মদিনের প্রণাম জানান এক জোড়া ধুতি-চাদর এবং পুষ্পমাল্যাদি নিবেদন করেন। রবীন্দ্রনাথ তখন বিবাহিত, সুকবি ও সুলেখক হিসেবে পরিচিত এবং ইংল্যান্ড-প্রত্যাগত। অথচ এর আগে বা অব্যবহিত পরে আবারও যে এই ভাবে তাঁর বাড়ীর কেউ তাঁর জন্মদিন পালনে উদ্যোগী হয়েছেন এমন কোন খবর পাওয়া যায় না।

এর অনেক বছর পর ১৯১০ সালে শান্তিনিকেতনের ছাত্রদের আয়োজিত জন্মদিনের সম্বর্ধনায় কবি বলেন "কত পঁচিশে বৈশাখ এসেছে গেছে, তারা অন্য তারিখের চেয়ে নিজেকে কিছুমাত্র বড় করে আমার কাছে প্রকাশ করে নি"।

এর পরের বছরই আবার, তাঁর পঞ্চাশবছর পূর্তিতে, বেশ বড় করে উৎসবের আয়োজন হয় শান্তিনিকেতনে। কলকাতা সহ অন্যান্য জায়গা থেকে অনেক রবীন্দ্রভক্ত এই অনুষ্ঠানে যোগ দিতে আসেন। আচার্য্য বিধুশেখর শাস্ত্রী জন্মদিনের অভিনন্দনবার্তা পাঠ করেন। এ সবের উত্তরে তিনি তাঁর উপলব্ধিতে চিরনবীনতার অনুভূতির কথা বলেছিলেন "আজ সকালে তোমাদের আনন্দ উৎসবের মধ্যে বসে আমার এই নবজন্মের নবীনতা অন্তরে বাইরে উপলব্ধি করছি"। আশ্রমের পক্ষ থেকে বেশ কিছু উপহারও কবিকে দেওয়া হয় যেগুলি তাঁকে খানিকটা বিব্রতই করে। সমবেত বন্ধুজনের এই উপহারগুলির তাৎপর্য্য সম্পর্কে তিনি মন্তব্য করেন এই ভাষায় "একটা ক্ষেত্র আছে সেখানে মানুষের কোন লজ্জা নেই, সেটা প্রীতির ক্ষেত্র। এই-সব উপহার আমাকে আপনারা প্রীতির সহিত দিচ্ছেন, সেইজন্য এ সব গ্রহণ করতে আমার কোন বাধা নেই"।

এর পর থেকে বিভিন্ন জন্মদিনকে উদ্দেশ্য করে কবি কিছু লিখেছেন বা বলেছেন যেগুলো তাঁর জন্মদিনগুলিকে চিহ্নিত করতে সাহায্য করে। যেমন ১৯১৪ সালে তিনি উপহার দেন সুপরিচিত 'পঁচিশে বৈশাখ' কবিতাটি 'রাত্রি হল ভোর/আজি মোর জন্মের স্মরণপূর্ণ বাণী/ প্রভাতের রৌদ্রে-লেখা লিপিখানি/হাতে করে আনি/ দ্বারে আসি দিল ডাক/ পঁচিশে বৈশাখ।। এই দিনটি পালিত হয়েছিল শান্তিনিকেতনে এবং কবি নিজে তাঁর রচিত নাটক 'অচলায়তন' এ গুরুর ভূমিকায় অভিনয় করেন ঐ দিনের বিশেষ অনুষ্ঠানে। পরের বছর, ১৯১৫ সালেও, একই ভাবে শান্তিনিকেতনে পালিত জন্মোৎসবে মঞ্চস্থ হয় 'ফাল্গুনী' এবং কবি অন্ধ বাউল হিসেবে অভিনয়ে অংশগ্রহন করেন।

যদিও কলকাতায় জোড়াসাঁকোর পৈতৃক বাসস্থানে রবীন্দ্রনাথের বসবাসের স্বতন্ত্র ব্যবস্থা বরাবরই ছিল, কবি ১৮৯০ এর পর থেকে এ বাড়ীতে যাতায়াত করতেন এবং অল্পসময়ের জন্য থাকতেন, কিন্তু স্থায়ীভাবে বাস করতেন অন্যত্র। প্রথমে শিলাইদহে (১৮৯০-১৯০১) ও তার পর থেকে শান্তিনিকেতনে। তাই তাঁর জন্মদিনের আনুষ্ঠানিক উদ্‌যাপন জোড়াসাঁকোর পারিবারিক পরিবেশে করার সুযোগ কমই হত। ১৯১৩ সালে নোবেল পুরস্কার পাবার পর থেকে কবির খ্যাতি (এবং 'খাতির') স্বভাবতই দেশে ও বিশেষত বিদেশে আরও বৃদ্ধি পায়। তাঁর জন্মদিনগুলিও তাই অনেকটা নিয়মিতভাবেই পালিত হতে থাকে।

১৯১৮ সালে, কবির ভাইঝি ইন্দিরা দেবীর উদ্যোগে, কলকাতায় শতাধিক অতিথির উপস্থিতিতে কবির জন্মদিন পালন করা হয়। এই অনুষ্ঠানে কবি সত্যেন্দ্রনাথ দত্ত তাঁর লেখা একটি দীর্ঘ কবিতা আবৃত্তি করেন। আনন্দাভিভূত কবির কণ্ঠে "তবু মনে রেখো' গানটি দিয়ে অনুষ্ঠান্‌টির সমাপ্তি হয়। ১৯২৮ সালে, কবির ৬৭তম জন্মদিনের একটি বৈশিষ্ট্য ছিল তাঁর ওজনের সমপরিমান বইপত্র বিশ্বভারতীর পক্ষ থেকে নানা গ্রন্থাগার এবং শিক্ষাপ্রতিষ্ঠানকে দান করা হয়।

কবির ৭০ বছর-পূর্তি হয় ১৯৩১ সালে। সারা দেশে এবং বিদেশের বিভিন্ন স্থানে বিশেষ সমারোহের সঙ্গে এই দিনটি উদযাপন করা হয়। ১৯৩১ এর ২৭শে ডিসেম্বর কলকাতার টাউন হলে সাড়ম্বরে যে গণসম্বর্ধনা আয়োজন করা হয়েছিল তাতে বাংলার সর্বস্তরের গণ্যমান্য মানুষ সহ বহু সাধারণ ভক্ত উপস্থিত ছিলেন। এই উৎসবটি বিশেষভাবে স্মরণীয় হয়ে আছে এই উপলক্ষে সাহিত্যিক শরৎচন্দ্র চট্টোপাধায় রচিত প্রশস্তিপত্রটির জন্য। সংক্ষিপ্ত এই রচনাটি অনুষ্ঠানে পাঠও করেন শরৎচন্দ্র নিজেই। স্বদেশবাসীর, বিশেষত বাঙ্গালীর, জীবনে কবির বহুতর অবদান এই লেখাটিতে স্মরণ করা হয়। এর প্রশস্তিটি শুরু হয় এই বলে "কবিবর, তোমার প্রতি চাহিয়া আমাদের বিস্ময়ের সীমা নাই"। বাঙ্গলা ভাষা ও সাহিত্যের শত বৎসরের বিবর্তন রবীন্দ্রনাথের সৃষ্টির মাধ্যমে এক ধরণের পূর্ণতা প্রাপ্ত হয়। তাই রবীন্দ্র-পূর্বসুরীদের অবদানকে শরৎচন্দ্র শ্রদ্ধা জানান এই ভাষায় "তাঁহাদের স্বপ্ন ও সাধনার ধন, তাঁহাদের তপস্যা তোমার মধ্যে আজ সিদ্ধিলাভ করিয়াছে"। আর বাহির-বিশ্বে বাঙ্গালীর পরিচয় বহন করে রবীন্দ্রনাথের জীবনব্যাপী যে আনাগোনা তার স্বীকৃতি উল্লেখ করা হয় এই সংক্ষিপ্ত বাক্যটিতে "হাত পাতিয়া জগতের কাছে আমরা নিয়াছি অনেক, কিন্তু তোমার হাত দিয়া দিয়াছিও অনেক"। স্বদেশবাসীর নিবেদিত এই সম্ভ্রমে কবি নিশ্চয় আনন্দ পেয়েছিলেন। কিন্তু বাহুল্যবর্জিত পরিমিতিবোধ ছিল কবির স্বভাবসিদ্ধ। তাই এই অনুষ্ঠানের আড়ম্বর তাঁকে যে বেশ বিব্রতও করেছিল তার পরিচয় পাওয়া যায় ভাই-ঝি ইন্দিরা দেবীকে লেখা কৌতুক- মিশ্রিত একটি চিঠিতে "সলজ্জে লোকের কাছে কৈফিয়ত দিয়ে বলতে ইচ্ছে করে, দোহাই তোমাদের, আমি এর জন্য দায়ী নই, তবু আমি

মাপ চাই - ভবিষ্যতে আর কখনো সত্তর বছরে পড়বার দুর্গতি ঘটাব না"।

১৯৩৭ থেকে ১৯৪১, জীবনের এই শেষ চার বছর কবি নানা শারীরিক অসুস্থতায় কাটান। ১৯৩৭ সালে একবার অচৈতন্য হয়ে পড়ে তাঁর অবস্থা আশঙ্কাজনক হয়ে পড়েছিল, কিন্তু তিনি সেরে উঠে আবার অপেক্ষাকৃত স্বাভাবিক সৃজনশীল জীবনে ফিরে যেতে পেরেছিলেন। এর পর আবার যে গুরুতর অসুস্থতা ১৯৪০ এ আসে তা থেকে তিনি আর সেরে উঠতে পারেন নি।

এটা লক্ষ্য করার বিষয় যে প্রবীণ বয়সের এই অসুস্থতা নবীনতার চির-পূজারী কবিকে মৃত্যু- সচেতন করে তুলেছিল। তাঁর ভাষা, ছন্দ ও সুর যেন আসন্ন বিদায়ের একটা বার্তা বহন করে আনছিল। কিন্তু তা সত্ত্বেও তাঁর কাব্যসৃষ্টিতে এই সময়েও ছন্দ ও আঙ্গিক নিয়ে নতুন পরীক্ষানিরীক্ষার ছাপ রয়েছে। 'প্রান্তিক' ((১৯৩৮), 'সেঁজুতি' (১৯৩৮), 'রোগশয্যায়' (১৯৪০), 'জন্মদিনে' (১৯৪১) ও 'আরোগ্য' (১৯৪১) এই কাব্যসংগ্রহগুলি একদিকে গভীর জীবনানুভূতির স্পর্শে আর অন্য দিকে মৃত্যু ও মর্ত্যপ্রীতির প্রকাশে অসামান্য হয়ে উঠেছে। যেমন 'সেঁজুতি'তে, ৭৮তম জন্মদিনে, কবি লিখলেন 'আজ মম জন্মদিন। জন্মদিন-মৃত্যুদিন, একাসনে দোঁহে বসিয়াছে/ দুই আলো মুখোমুখি মিলিছে জীবনপ্রান্তে মম'।

অসুস্থ কবি মংপুতে মৈত্রেয়ী দেবীর আশ্রয়ে বেশ কিছুদিন কাটান ১৯৪০ সালে। তাই সেখানেই তাঁর আশিতম জন্মজয়ন্তী পালিত হয়। যেখানেই থাকুন না কেন কবি তাঁর 'সব হতে আপন' শান্তিনিকেতনে ফেরার জন্য ব্যাকুল হয়ে থাকতেন। তাই একটু সুস্থ হতেই তিনি মংপু থেকে বোলপুরে ফিরে আসেন।

কবির জীবনের এই শেষ বছরটিতে শান্তিনিকেতন দুটি উল্লেখযোগ্য ঐতিহাসিক ঘটনার সাক্ষী হয়। ১৯৪০ এর ফেব্রুয়ারি মাসে মহাত্মা গান্ধী ও কস্তুরবা শান্তিনিকেতনে আসেন অসুস্থ কবির সঙ্গে দেখা করে তাঁকে শ্রদ্ধা জানাতে। কবিও বন্ধু ও সম্মানীয় অতিথি হিসেবে তাঁদের বিশেষ সমাদরে অভ্যর্থনার আয়োজন করেন। ভারতের জাতীয় জীবনের দুই মহানায়ক শেষবারের মত স্নেহালিঙ্গনে আবদ্ধ হন এই আশ্রমের ছায়ায়। রবীন্দ্রনাথ একটি মর্মস্পর্শী চিঠির মাধ্যমে তাঁর মৃত্যুর পর ভবিষ্যত প্রজন্মের জন্য শান্তিনিকেতনের স্থায়িত্বের ভার গান্ধীজির হাতে সঁপে দেন। গান্ধীজিও সমগ্র জাতির উত্তরাধিকার হিসেবে এই প্রতিষ্ঠানের সংরক্ষণ সকল ভারতীয়ের দায়িত্ব বলে বর্ণনা করেন।

আর ৭ই আগস্ট অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় তাদের সুপ্রাচীন নিয়মাদি, প্রটোকল, সরিয়ে ফেলে বিদেশের সুদূর নিভৃত এক আশ্রমে বিশেষ সমাবর্তনের মাধ্যমে কবিকে সাম্মানিক 'ডক্টর অফ লজ' উপাধিতে ভূষিত করে। অক্সফোর্ডের তৎকালীন অধ্যাপক ডঃ রাধাকৃষ্ণণ ও ভারতীয় সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতি স্যার মরিস্ গয়ার এই সমাবর্তন পরিচালনার দায়িত্ব পালন করেন। অক্সফোর্ডের নিয়ম অনুযায়ী অনুষ্ঠানটির লাতিন ভাষায় গ্রথিত হয়। আনুষ্ঠানিক পর্বের শেষে স্যার মরিস্ কবিকে অভিনন্দন জানান ইংরেজি ভাষায়: "Congratulations to Oxford's youngest graduate". উত্তরে অক্সফোর্ডের এই নবীনতম স্নাতকটি সমাগত অতিথিদের বিস্ময়াভিভূত করে তাঁর আনুষ্ঠানিক কৃতজ্ঞতা নিবেদন করেন সুপ্রাচীন সংস্কৃত ভাষায়, স্বতঃস্ফূর্তভাবে। উৎফুল্ল গয়ার প্রতিশ্রুতি দেন যে তিনি তাঁর প্রতিবেদন অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে পাঠাবার সময় এই অসামান্য অভিজ্ঞতাটি উল্লেখ করতে অবশ্যই ভুলবেন না যে ভারতীয় কবির পান্ডিত্যের ছোঁয়ায় লাতিন এবং লাতিনানুগ বিবিধ ভাষার জননী স্বরূপ সংস্কৃত ভাষাও এই ভাবগম্ভীর অনুষ্ঠানের অংশ হতে পেরেছিল।

১৯৪১, কবির অসুস্থতা ক্রমশ জটিলতর হতে থাকে। এর আগে কয়েক বছর ধরেই পয়লা বৈশাখের উৎসবের সঙ্গে শান্তিনিকেতনে কবির জন্মোৎসব পালিত হত। এ বছরও তাই পয়লা বৈশাখের দিন আশ্রমবাসীরা যথাসম্ভব অনাড়ম্বর পরিবেশে জন্মজয়ন্তী পালনের আয়োজন করেন। মহাযুদ্ধের ডামাডোলের মধ্যেও নববর্ষ উপলক্ষ্যে কবি মানবের জয়গান্ই শোনালেন। "ওই মহামানব আসে", সদ্য-লেখা এই কবিতাটির অংশবিশেষ তিনি গান হিসেবে সুর দেন যাতে নববর্ষের দিন এটি গাওয়া হয়। অসুস্থ দুর্বল শরীর নিয়েও কবি হেঁটে সভায় আসেন এবং দুর্বল কিন্তু সুললিত কণ্ঠস্বরে তিনি ছোট একটি ভাষণ দেনঃ "আমার মত সৌভাগ্য অতি অল্প লোকেরই আছে। শুধু যে আমার স্বদেশবাসীরাই আমাকে ভালবেসেছেন তা নয়, সুদূর দেশেরও অনেক মনস্বী-তপস্বী-রসিক আমাকে অজস্র আত্মীয়তা দ্বারা ধন্য করেছেন। জানি না আমার চরিত্রে কর্মে কী লক্ষ্য করেছেন। সকলের এ স্নেহ-মমতা-সেবা আজও আমি অন্তরের মধ্যে গ্রহণ করে প্রণাম করে যাই তাঁকে যিনি আমাকে এই আশ্চর্য্য গৌরবের অধিকারী করেছেন"।

এই অনুষ্ঠানেই রবীন্দ্রনাথের শেষ প্রবন্ধ 'সভ্যতার সংকট' পাঠ করা হয়। সম্ভবত তাঁর শারীরিক অক্ষমতার কারণে প্রবন্ধটি পাঠের দায়িত্ব পড়েছিল আচার্য্য ক্ষিতিমোহন সেনের ওপর। তাঁর দীর্ঘজীবনের অভিজ্ঞতার আলোকে কবি প্রাচ্য ও পাশ্চাত্যের ইতিহাস পর্য্যালোচনা করে, সমস্ত ঘাত-প্রতিঘাত, সম্মান-অসম্মান, জয়-পরাজয় সহ মানুষের বহুমাত্রিক জয়যাত্রাকেই অভিনন্দন জানিয়েছেন এই প্রবন্ধে এই বলে, "মানুষের প্রতি বিশ্বাস হারানো পাপ। সে বিশ্বাস শেষ পর্য্যন্ত রক্ষা করব...। মনুষ্যত্বের অন্তহীন, প্রতিকারহীন পরাভবকে চরম বলে বিশ্বাস করাকে আমি অপরাধ বলে মনে করি"।

পঁচিশে বৈশাখের দিনেও আবার জন্মজয়ন্তীর ছোটখাট উৎসবের আয়োজন ছিল। ঐ দিনে "সভ্যতার সংকট" অভিভাষণটি পুস্তিকা আকারে প্রকাশ করা হয়। তাঁর কয়েকটি কবিতার সঙ্কলন 'জন্মদিনে' গ্রন্থটিও এই দিনে আত্মপ্রকাশ করে। আশ্রমবাসী সুরকার ও গায়ক শান্তিদেব ঘোষের উপরোধে রবীন্দ্রনাথ জন্মদিনের শেষ গান রচনা করলেন 'পূরবী' কাব্যগ্রন্থের 'পঁচিশে বৈশাখ' কবিতা থেকে নেওয়া "হে নূতন, দেখা দিক্ আরবার জন্মের প্রথম শুভক্ষণ" অংশটুকু একটু অদলবদল করে। এতে সুরারোপও নিজেই করলেন। এটা ২৩শে বৈশাখ। শান্তিদেব ঘোষ গেয়ে শোনালেন ঐ দিনেই। বোধহয় কবির পুরোপুরি পছন্দ হল না, কারণ পরের দিন আবার গাইতে হয়েছিল শান্তিদেবকে। দ্বিতীয়বার শুনে কবি বল্লেন "হ্যাঁ, এবারে হয়েছে"। ঐদিন সন্ধ্যায় উত্তরায়ণ বাড়ীর বারান্দায় 'বশীকরণ' নাটকটি মঞ্চস্থ হয়েছিল এবং কবি আরাম-কেদারায় শুয়ে/বসে এটি দেখেছিলেন।

দেশ-বিদেশ থেকে জন্মদিনের শুভেচ্ছাবার্তা এল প্রচুর যার মধ্যে একটি মহাত্মা গান্ধীর, লিখেছেন " Four-score not enough, may you finish five". Love, M K Gandhi. রোগজীর্ণ অবস্থায়ও কবির স্বাভাবিক কৌতুকপ্রবণতা ছেড়ে যায় নি, তিনি উত্তর পাঠালেনঃ "Thanks message. Four score is impertinence, five will be intolerable", Regards, R N Tagore.

জুলাইয়ের শেষের দিকে কবির শারীরিক অবস্থার অবনতি শুরু হয় এবং, অনিচ্ছা সত্ত্বেও, ২৫ শে জুলাই তাঁকে কলকাতায় নিয়ে যাওয়া হয় যথাযথ চিকিৎসার জন্য। মৃত্যুপথযাত্রী কবির কল্পনা এবং সৃজনী শক্তি কিন্তু থেমে যায় নি। ২৭ শে জুলাই নিজের হাতে তাঁর শেষ কবিতাটি লেখেন "প্রথম দিনের সূর্য/প্রশ্ন করেছিল/সত্ত্বার নূতন আবির্ভাবে - কে তুমি?/ মেলে নি উত্তর। বৎসর বৎসর চলে গেল/ দিবসের শেষ সূর্য /শেষ প্রশ্ন উচ্চারিল/পশ্চিম সাগরতীরে নিস্তব্ধ সন্ধ্যায় – কে তুমি?/ পেল না উত্তর।।"

তাঁর শেষ দুটি কবিতা, 'দুঃখের আঁধার রাত্রি' এবং 'তোমার সৃষ্টির পথ', যথাক্রমে ২৯শে এবং ৩০শে জুলাই এ, রোগ-দুর্বল কন্ঠে বলে গিয়েছিলেন এবং রাণী চন্দ সযত্নে লিখে নিয়েছিলেন - কালের বিচারে যা মানুষের জন্য কবির জীবনোপলব্ধির সর্বশেষ বাণী।

১৯৪১ এর ৭ই আগষ্ট, বাংলার ১৩৪৮ এর ২২শে শ্রাবণ কবির মহাপ্রয়াণের দিন। এটিও তাঁর দেশবাসী নিয়মিত শ্রদ্ধাভরে স্মরণ করে। ■

বেদনা－ベドナ、深き哀しみの海へ



－奥田 由香（Yuka Okuda）

より深き哀しみを、深淵なる悼みを
授けよ、我が心の真を揺さぶる力を
－ラビンドラナート・タゴール

世界のどんな言語にも、一瞬にして感性を揺さぶる不思議な力を持つ一言があるに違いありません。その奥行きは人それぞれであったとしても、様々な経験を通して意識的に、あるいは無意識のうちに培った精神の中枢に響く言葉。いずれにせよ、それは感じる心と決して切り離すことはできません。美しいと心が感じなければそこに美は存在しない―と信じるタゴールの考えを拠り所とすると、そこには言葉も生まれないということになるでしょう。つまり、人の心は、身体の細胞が日々生まれ変わるように、浮遊する透明な問い掛けを捉え、応えようと常に響き合うことを欲していると言っていいのかもしれません。

ベドナ、深い哀しみ、痛み、苦悩を意味するこの言葉は、ベンガルに生きる人々にとって、いのちの重みを実感させる響きではないでしょうか。日常にありながら、そこに潜む無常の生を繋ぎとめるため、錨を沈黙の海へ下ろすかのように、感性を揺らす一言なのでは。

より深き哀しみを、タゴールはなぜ大いなる神に請うのでしょう。誰しも、心の平安を日々願うのではないのでしょうか。タゴールは答えます―シャンティ、平安はたやすく得られるものではないと。そこに愛がなければならないから。愛は、祝福をもたらすのと同じ様に、哀しみをももたらすということを、分け隔てなく受け容れる心に始まるのだと。

そう、哀しみを受け容れることが如何に難儀なことかは言うまでもありません。ベドナ、それは外界から降ってくるものではなく、自身の内に潜む捉えがたきものだからです。タゴールは、心のこの孤独な葛藤が言の葉に、旋律に、色に、舞いに映し出されることを待ち望んでいると感じています。歌に心が放たれると、あらゆるものが一瞬にして生まれ変わるのは、旋律に、流れるいのちの光が真に触れるからだと。しかし、その光は容易く感じられるものではないから、それは得難い一瞬であり、人は何度も、何度も見失ってしまうのだ、と。

タゴールは歌います―

একি পরম ব্যথায় পরান কাঁপায়, কাঁপন বক্ষে লাগে।
শান্তিসাগরে ঢেউ খেলে যায়, সুন্দর তায় জাগে।
আমার সব চেতনা সব বেদনা রচিল এ যে কী আরাধনা--
তোমার পায়ে মোর সাধনা মরে না যেন লাজে।
বন্দনা মোর ভঙ্গিতে আজ সঙ্গীতে বিরাজে॥

言葉にならない 哀しみの深みに 魂は震え、胸は高鳴る
穏やかな水面に 白波が立ち、眩い煌きとなる
心を揺する問いかけに、悼みの果てに綴りあげた
この祈りを君の元に 捧げましょう、
まじまじと絶やすことのないように
我が賛歌を 今、たおやかな舞いにのせ
歌いましょう、高らかに

言葉を超越した哀しみに遭遇し、魂が震えるという感覚を通してはじめて見えてくる煌きがあるという、その事は、乾いた大地に雨が行き渡るように、萎えた心に沁み込みます。そして、柔らかな掌で悼みを掬い上げるのは愛あればこそ、祈りという再生の力となるのでしょう。

恩師、モホルディ（故・コニカ・ボンドパッダエ先生）の歌うベドナは、愛の中に切なく響いています。

বেদনা কী ভাষায় রে
মর্মে মর্মরি গুঞ্জরি বাজে॥
সে বেদনা সমীরে সমীরে সঞ্চারে,
চঞ্চল বেগে বিশ্বে দিল দোলা ॥
দিবানিশা আছি নিদ্রাহারা বিরহে
তব নন্দনবন-অঙ্গনদ্বারে,
মনোমোহন বন্ধু--
আকুল প্রাণে
পারিজাতমালা সুগন্ধ হানে॥

ベドナ 私の痛みは、何を囁いているのか
心の奥深く ざわざわと音をたて
その痛みは、風のむくまま 流れ流れて
気ぜわしく世界を ゆらす
夜通し 眠れぬまま 君を待つ
その楽園の戸口で
君よ、愛しき友――
打ちひしぐ この命を
パリジャトの 花の香に包む

パリジャトの花は、一年中眠っていて、春が来たら真っ先に伝えようと真っ赤に燃える花を咲かせます。日本ではデイゴの花、しっかりとした幹に支えられるこの樹を沖縄では喜びを運ぶ花と呼ばれ、県花でもあります。インドでは、天地創造神話に、神様と悪魔が不老不死（オムリト）を求め、協力し合って海を掻き混ぜ世界に様々なものを生み出した際、パリジャトの樹も創造されたと語られています。インドラ神の楽園の花だという謂れもあるようですが、日暮れと共に散ってしまうこの花は、オムリトはムリト（死）の対極にあるのではないことを馨せるかのようです。

タゴールの歌集『ギトビタン』には、この歌は春の歌に分類されています。しかし、タゴールにとって、季節も人生も祈りも切り離せるものではなく、この春の歌では、音、色、匂いといった感覚を通して、言葉にならないベドナの重みがじんわりと伝わってくるのです。喜びと悲しみの巡りめぐる時の流れの中で、共鳴する何かがあるのではないでしょうか。言葉でありながら、言葉を超えた、祈りの中に。 ■